বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ ।

কৃষি ঋণ ও স্পেশাল প্রোগ্রাম্স বিভাগ
(কৃষিঋণ উপ-বিভাগ)

সূত্র নং-এসিএসপিডি সার্কুলার নং-০২

তারিখঃ ০১,শ্রাবণ,১৪১৪ / ১৬,জুলাই,২০০৭

ব্যবস্থাপনা পরিচালক
সোনালী/জনতা/অগ্রণী/রূপালী ব্যাংক লিঃ/
বাংলাদেশ কৃষি ব্যাংক/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক/
বিআরডিবি ও বিএসবিএল
প্রধান কার্যালয়,
ঢাকা/রাজশাহী ।

**২০০৭-২০০৮ইং/১৪১৪-১৪১৫ বাং অর্থবছরের কৃষি/পল্লী ঋণ কর্মসূচীর ঋণ নিয়মাচার ।**
**Norms for Agricultural/Rural Credit Programme for the Financial year (2007-2008) A.D./1414-1415**

প্রিয় মহোদয়,

কৃষি মন্ত্রণালয়ের অধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর প্রণীত ২০০৭-২০০৮ অর্থবছরের কৃষি/পল্লীঋণ কর্মসূচীর জন্য অনুসৃতব্য বিভিন্ন ফসলের ঋণ নিয়মাচার এতদসংগে প্রেরণ করা হল । ব্যাংকসমূহ ঋণের পরিমাণ এবং ঋণ বিতরণ ও পরিশোধসূচী নির্ধারনের জন্য সাধারনভাবে উক্ত ঋণ নিয়মাচার (পরিশিষ্ট গ, ঘ এবং ঙ) অনুসরণ করবে, তবে কৃষকদের প্রকৃত চাহিদার নিরিখে ঋণ নিয়মাচারে নির্ধারিত অংকের পরিমাণ শতকরা ১০ ভাগ পর্যন্ত হ্রাস/বৃদ্ধি করা যাবে ।

০২. ২০০৭-২০০৮ অর্থবছরের জন্য বার্ষিক কৃষি/পল্লীঋণ কর্মসূচী যথারীতি ১লা জুলাই, ২০০৭ তারিখ থেকে কার্যকর হবে এবং ৩০শে জুন, ২০০৮ তারিখে শেষ হবে । প্রকৃত ঋণ চাহিদার আলোকে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে ব্যাংকসমূহ নিজেরাই তাদের স্ব স্ব কৃষিঋণ কর্মসূচী প্রণয়ন করবে এবং তদনুযায়ী যথাসময়ে ঋণ বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে ।

০৩. কৃষি ঋণের ক্ষেত্রে বর্তমানে অনুসৃত অন্যান্য নীতিমালা (ঋণের সর্বোচ্চ সীমা, জামানত, আবেদনপত্র গ্রহণ ও প্রক্রিয়াকরণ, ঋণ গ্রহীতার যোগ্যতা নিরুপন, কৃষিঋণ পাস বইয়ের ব্যবহার, মিশ্র/সাথী ফসলের জন্য ঋণ প্রদান, এনজিও লিংকেজ এর মাধ্যমে ঋণ বিতরণ, অগ্রাধিকার খাত ও উপ-খাত নির্বাচন, খাতওয়ারী ঋণের বরাদ্দ, ঋণের সদ্ব্যবহার, তদারকী ও আদায় ইত্যাদি) যথারীতি অব্যাহত থাকবে (পরিশিষ্ট ক এবং খ) । তবে কৃষিঋণের সম্প্রসারণ ও কৃষিখাতের উন্নয়নের স্বার্থে প্রয়োজনবোধে ঋণ প্রদানকারী ব্যাংকসমূহ উক্ত নীতিমালার যৌক্তিক ও প্রয়োজনীয় পরিবর্তন/পরিমার্জন করতে পারবে ।

০৪. ২০০৭-২০০৮ অর্থবছরের জন্য জারীকৃত ব্যাংকের বার্ষিক কৃষি ঋণ কর্মসূচী সংক্রান্ত নির্দেশাবলীর একটি অনুলিপি অত্র বিভাগে যথাশীঘ্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী ঃ বর্ণনানুয়ারী ।

(দাশগুপ্ত অসীম কুমার)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১২০৯৪৭

পরিশিষ্ট-"ক"

# বাংলাদেশ ব্যাংক
# প্রধান কার্যালয়
# ঢাকা ।

## কৃষি/পল্লী ঋণ কর্মসূচী সংক্রান্ত নীতিমালা ।
## Rules regarding Agricultural/Rural Credit Programme

**১। বার্ষিক কৃষি/পল্লী ঋণ কর্মসূচী ঃ**

২০০৭-২০০৮ অর্থবছরের জন্য বার্ষিক কৃষি/পল্লী ঋণ কর্মসূচী আগামী ১লা জুলাই, ২০০৭ তারিখ থেকে কার্যকর হবে এবং ৩০শে জুন, ২০০৮ তারিখে শেষ হবে । উক্ত কর্মসূচীর অধীনে প্রকৃত ঋণ চাহিদার আলোকে ঋণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করে যথাসময়ে ঋণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে । খাদ্যে স্বয়ম্ভরতা অর্জন ও দারিদ্র বিমোচনের জন্য ফসল ও দারিদ্র বিমোচন খাতে ঋণ প্রদানের ব্যাপারে অধিক গুরুত্ব প্রদান করতে হবে । পল্লী অঞ্চলে আত্মকর্মসংস্থান ও আয়-উৎসারী কর্মকান্ডে অর্থ সরবরাহের জন্য ব্যাংক শাখার মাধ্যমে এবং সম্ভাব্য ক্ষেত্রে "আত্ম-সহায়ক গ্রুপ" অথবা "এনজিও"সমূহের সাথে "অন্বয়" স্থাপন করে ঋণ প্রদানের জন্য গুরুত্ব আরোপ করতে হবে ।

**২। স্বল্পমেয়াদী কৃষি/পল্লী ঋণ ঃ-**

এ কর্মসূচীর আওতায় চা ব্যতীত সকল ফসল উৎপাদনের উদ্দেশ্যে স্বল্প মেয়াদী ফসল ঋণ প্রদানের জন্য নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণ করতে হবে ঃ-

**২.০১। কর্মসূচীর আওতাভূক্ত খাত/ উপখাত সমূহ ঃ-**

কৃষি/পল্লী ঋণ কর্মসূচীর আওতাভূক্ত খাত/উপ-খাত সমূহ পরিশিষ্ট-'খ' তে সন্নিবেশিত হলো ।

**২.০২। ফসল ঋণের জন্য অর্থ বরাদ্দ ঃ-**

২০০৭-২০০৮ অর্থবছরের কৃষি ঋণ কর্মসূচীর অধীনে ব্যাংকসমূহ কর্তৃক প্রাক্কলিত মোট কর্মসূচীর ন্যূনতম ৬০% ফসল ঋণের জন্য বরাদ্দ রাখতে হবে ।

**২.০৩। ঋণ নিয়মাচার ও ঋণের পরিমাণ নির্ধারণ ঃ-**

২০০৭-২০০৮ অর্থ বছরের বার্ষিক কৃষি ঋণ কর্মসূচীর আওতাভুক্ত ফসলসমূহ উৎপাদনের জন্য একর প্রতি ঋনের পরিমাণ পরিশিষ্ট-' গ ' তে দেখানো হলো । তবে, কৃষকদের প্রকৃত চাহিদার নিরিখে ঋণ নিয়মাচারে নির্ধারিত অংকের পরিমাণ শতকরা ১০ ভাগ পর্যন্ত হ্রাস/বৃদ্ধি করা যাবে। উল্লেখ্য, নিজস্ব মালিকানাধীন জমিতে চাষাবাদের জন্য নিয়মাচারে বর্ণিত জমির ভাড়া প্রযোজ্য হবেনা ।

**২.০৪। ঋণের সর্বোচ্চ সীমা ঃ-**

ফসল উৎপাদনের জন্য একজন কৃষককে সর্ব্বোচ্চ ১৫ বিঘা (৫ একর বা ২ হেক্টর) জমি চাষাবাদের জন্য নিয়মাচারে নির্ধারিত হারে ঋণ প্রদান করা যাবে। তবে, ইক্ষু ও আলু চাষাবাদের জন্য ঋণের সর্ব্বোচ্চ সীমা ২.৫ একর পর্যন্ত নির্ধারণ করতে হবে । প্রান্তিক, ক্ষুদ্র ও বর্গাচাষীদেরকে ঋণ প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে । উল্লেখ্য, ফসল উৎপাদনের নিমিত্তে পাঁচ একরের বেশী জমির জন্য ঋণের আবেদন ব্যাংকসমূহ তাদের প্রচলিত শর্তে বিবেচনা করতে পারবে ।

**২.০৫। জামানত ঃ-**

২.৫ একর পর্যন্ত জমিতে চাষাবাদের জন্য শুধু সংশ্লিষ্ট ফসল ঋনের জন্য দায়বন্ধন (Crop Hypothecation) এর বিপরীতে ঋণ প্রদান করা যাবে । তবে, ২.৫ একরের বেশী জমি চাষাবাদের জন্য ঋণ প্রদানের ক্ষেত্রে জামানত গ্রহণের বিষয়টি ব্যাংকসমূহ নিজেরাই প্রচলিত ব্যাংক গ্রাহক সম্পর্কের ভিত্তিতে বিবেচনা করে নির্ধারণ করবে । কৃষি ঋণ কর্মসূচীর আওতায় আয়-উৎসারী কর্মকান্ডে ঋণ প্রদানের ক্ষেত্রে গ্রুপ/ব্যক্তিগত গ্যারান্টি গ্রহণের বিষয়টি বিবেচনা করা যেতে পারে ।

(চলমান পাতা-২)

২.০৬। **আবেদন পত্র গ্রহণ ও বিবেচনা ঃ-**

সংশ্লিষ্ট ব্যাংক শাখা নির্ধারিত ঋণ নিয়মাচার অনুযায়ী আবেদনকারীর বার্ষিক প্রয়োজনীয় ফসল ঋণ ও অন্যান্য ঋণ এককালীন মঞ্জুর করবে । তবে, সংশ্লিষ্ট ফসল উৎপাদনের মৌসুম শুরু হবার অন্ততঃ ১৫ দিন পূর্বে ঋণ বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে । এ লক্ষ্যে সংশ্লিষ্ট শাখাসমূহ কৃষকদের বার্ষিক ফসল উৎপাদন পরিকল্পনাসহ আবেদন পত্র গ্রহণ করবে। অবশ্য, পরবর্তীতে প্রয়োজনবোধে, কৃষকদের বার্ষিক উৎপাদন পরিকল্পনা যুক্তিযুক্ত পরিবর্তনের সুযোগ দেয়া যাবে ।

২.০৭ **ঋণ গ্রহীতার যোগ্যতা ঃ-**

কৃষি কাজে নিয়োজিত প্রকৃত কৃষকগণ কৃষি ঋণ প্রাপ্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবেন । সাধারণভাবে খেলাপী ঋণ গ্রহীতাগণ নতুন ঋণ পাবার যোগ্য বলে বিবেচিত হবেন না । ঋণ প্রদানের ক্ষেত্রে ক্ষুদ্র, প্রান্তিক ও বর্গাচাষীদেরকে অগ্রাধিকার দিতে হবে ।

২.০৮। **ঋণ বিতরণের জন্য বরাদ্দকৃত এলাকা ঃ-**

"লীড ব্যাংক" পদ্ধতির আওতায় সংশ্লিষ্ট ব্যাংক শাখাসমূহ তাদের অনুকূলে বরাদ্দকৃত ইউনিয়নসমূহে ফসল ও অন্যান্য ঋণ প্রদান করবে । তবে, অন্য ব্যাংক শাখার নামে বরাদ্দকৃত পার্শ্ববতী ইউনিয়নের কোন আগ্রহী আবেদনকারীকে সংশ্লিষ্ট শাখার অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে ঋণ প্রদান করা যাবে । এ জন্য পার্শ্ববতী ব্যাংক শাখা সমূহের মধ্যে ঋণ গ্রহীতাদের তালিকা বিনিময় করতে হবে । সরকারী সিদ্ধান্ত অনুযায়ী রূপালী ব্যাংক লিঃ এর হস্তান্তরিত ইউনিয়নসমূহে বিকেবি ও রাকাব ঋণ বিতরণ করবে। তবে, রূপালী ব্যাংক পূর্বের ন্যায় মৎস্য চাষ, পশুসম্পদ, সেচযন্ত্রপাতি ইত্যাদি কৃষিভিত্তিক মেয়াদী কার্যক্রমে ঋণ বিতরণ করতে পারবে ।

২.০৯। **কৃষি ঋণ পাশ বই ঃ-**

কৃষি ঋণ কর্মসূচীর আওতায় সকল ঋণ প্রদানের জন্য 'পাশ বই' আবশ্যক এবং এতদ্‌সংক্রান্ত বিদ্যমান সকল নিয়মকানুন যথাযথভাবে পালন করতে হবে । নতুন ঋণ গ্রহীতাদের ক্ষেত্রে অবশ্যই পাশ বই ইস্যুর মাধ্যমে ঋণ বিতরণ করতে হবে ।

২.১০। **মিশ্র ফসল/ সাথী ফসল/ রিলে চাষ ঃ-**

যে সব অঞ্চলে মূল ফসলের পাশাপাশি একই সময়ে একই জমিতে অন্য একটি সাথী ফসল উৎপাদন সম্ভব সে এলাকায় আগ্রহী কৃষকদেরকে মূল ফসলের জন্য প্রদত্ত ঋণের সাথে সাথী ফসল চাষের জন্য অতিরিক্ত ঋণ প্রদান করা যাবে। এ জন্য পরিশিষ্ট- ' ঘ ' তে সাথী ফসলের ঋণ নিয়মাচার সংযোজন করা হলো ।

২.১১। **শস্য বহুমুখীকরণ ঃ-**

দেশকে খাদ্য উৎপাদনে দ্রুত স্বয়ম্ভর করার লক্ষ্যে এবং জনগণের জন্য সুষম ও পুষ্টিকর খাদ্য সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে এবং সম্ভাব্য ক্ষেত্রে রপ্তানীকরণের উদ্দেশ্যে আলু, তৈলবীজজাত খাদ্য, ভুট্টা ইত্যাদির বহুমুখী ব্যবহার জনগণের মধ্যে জনপ্রিয় করার জন্য " শস্য বহুমুখীকরণ কর্মসূচীর " আওতাভূক্ত ফসলসমূহের (পরিশিষ্ট-' গ ' এর ক্রমিক নং- ৬২-৯৭ তে বর্ণিত ফসলসমূহ) উৎপাদন বৃদ্ধি করা একান্ত প্রয়োজন। ব্যংক/অর্থায়নকারী প্রতিষ্ঠানসমূহ তাদের সাধারণ ঋণ কার্যক্রমের পাশাপাশি উক্ত লাভজনক ফসলসমূহে ঋণ প্রদানে অধিকতর গুরুত্ব আরোপ করবে ।

(চলমান পাতা-৩)

**২.১২। <u>কৃষি ঋণ বিতরণ ও আদায় ঃ-</u>**

ব্যাংক শাখা কর্তৃক যথাসময়ে সুষ্ঠুভাবে ঋণ বিতরণ, তদারকি ও আদায় কার্যক্রম পরিচালনার লক্ষ্যে একটি ফসল উৎপাদন পঞ্জিকা পরিশিষ্ট "ঙ" তে সন্নিবেশিত হলো। তবে সংশ্লিষ্ট ফসলের জন্য ঋণ বিতরণকাল ও পরিশোধসূচী স্থানীয় অবস্থার প্রেক্ষিতে ব্যাংকসমূহ নিজেরাই পরিবর্তন করতে পারবে । দেশে অঞ্চল ভেদে শস্য বপন/ রোপনের আদর্শ সময়কালের তারতম্য ও প্রাকৃতিক দুর্যোগের কারণে শস্য বপন/ রোপন বিলম্বিত হলে বা পুনঃরোপনের প্রয়োজন হলে তার জন্য যৌক্তিক সময় পর্যন্ত ঋণ বিতরণ করা যাবে । ঋণ পরিশোধের জন্য কিস্তি এবং সময়সীমা সংশ্লিষ্ট শাখা/আঞ্চলিক কর্মকর্তাগণ নিজেরাই নির্ধারণ করবেন।

ফসল তোলার মওসুম শুরু হওয়ার পর তথা বিপননের সময় ব্যাংক শাখা ঋণ আদায়ের সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করবে । কৃষি ঋণের সার্বিক আদায়ের হার গ্রহণযোগ্য পর্যায়ে আনয়ন করতে হবে । ব্যাংকসমূহকে ঋণ শ্রেণী বিন্যাসকরণের প্রেক্ষিতে আর্থিক ক্ষতি এড়ানোর লক্ষ্যে বকেয়া ও মেয়াদোত্তীর্ণ ঋণ আদায় কার্যক্রম জোরদার করতে হবে, যাতে কৃষি ঋণের জন্য তহবিলের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা যায় । এছাড়া, ঋণ আদায়ে কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে উৎসাহ/আগ্রহ সৃষ্টির লক্ষ্যে ব্যাংকসমূহ নিজস্ব নীতিমালার আলোকে আর্থিক বা অন্য যে কোন প্রকার পুরস্কারের ব্যবস্থা গ্রহণ করতে পারে ।

**৩.০০। <u>কৃষি ঋণের সুদ ঃ-</u>**

কৃষি/পল্লী ঋণের উপর ব্যাংকসমূহ নিজেরাই সংশ্লিষ্ট খাত/উপখাতে ঋণের সুদের হার নির্ধারণ করবে । কৃষি ঋণের ক্ষেত্রে শর্ত সাপেক্ষে সরল হারে সুদ আরোপের প্রচলিত বিধান বহাল থাকবে ।

**৩.০১। <u>সার্বিক কৃষি ঋণ পরিস্থিতি পর্যালোচনা ঃ-</u>**

ব্যাংক শাখা কর্তৃক মঞ্জুরীকৃত ঋণ যথাসময়ে বিতরণ, সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণের বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয়/আঞ্চলিক কার্যালয় নিয়মিত পর্যালোচনা পূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে । মাঠ পর্যায়ে ঋণের চাহিদার নিরিখে ব্যাংক শাখা কর্তৃক ঋণ প্রদানের ব্যাপারে প্রধান কার্যালয়/আঞ্চলিক কার্যালয় হতে তদারকীর ব্যবস্থা করতে হবে, যাতে ঋণ সরবরাহের স্বল্পতার কারণে শস্য উৎপাদন কোন ক্রমেই ব্যাহত না হয় । সার্বিক কৃষি ঋণ বিতরণ ও আদায়ের ব্যাপারে প্রধান কর্যালয় পাক্ষিক/মাসিক ভিত্তিতে পর্যালোচনার ব্যবস্থা গ্রহণ করে শাখা/আঞ্চলিক কার্যালয়সমূহকে প্রয়োজনীয় নির্দেশ প্রদান করবে এবং সময়ে সময়ে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করবে ।

**৪.০০। বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা/আত্ম-সহায়ক গ্রুপ এর সাথে অন্বয় <u>(Linkage) স্থাপন করে কৃষি/পল্লী ঋণ প্রদান ঃ-</u>**

পল্লীর দরিদ্র জনগোষ্ঠীর আর্থসামাজিক অবস্থার উন্নয়ন কল্পে সরকারের দারিদ্র বিমোচন কর্মসূচীর সফল বাস্তবায়নের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক উৎস থেকে প্রয়োজনীয় ঋণ সরবরাহের নিমিত্তে ব্যাংকসমূহ নিজস্ব কর্মসূচী বাস্তবায়ন ছাড়াও আত্ম-সহায়ক গ্রুপ/বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা (এনজিও) সমূহের সাথে অন্বয় সাধন করে ঋণ বিতরণের জন্য ব্যাংকসমূহ কার্যকর উদ্যোগ গ্রহণ করবে । বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা/আত্ম-সহায়ক গ্রুপ সমূহ কর্তৃক ঋণ গ্রহীতাদেরকে উদ্বুদ্ধকরণ, প্রশিক্ষণ ও ঋণ বিতরণোত্তর তদারকী করার জন্য ব্যাংকসমূহ যৌক্তিক হারে সাভিস চার্জ প্রদান করতে পারবে । এ ধরণের অন্বয় স্থাপনের মাধ্যমে ঋণ প্রদানের ক্ষেত্রে সুদ এবং সার্ভিস চার্জের হার ব্যাংকসমূহ নিজেরাই নির্ধারণ করতে পারবে ।

(চলমান পাতা-৪)

৫.০০। **অগ্রাধিকার খাত সমূহ ঃ-**

৫.০১। **মৎস্য চাষের জন্য ঋণ প্রদান ঃ-**

বর্তমানে মৎস্য চাষ একটি লাভজনক খাত হিসেবে বিবেচিত হচ্ছে । দেশের অর্থনৈতিক উন্নয়নের পাশাপাশি প্রাণীজ আমিষের ঘাটতি পূরণের লক্ষ্যে চিংড়ি চাষ ও পুকুরে মৎস্য চাষ সম্প্রসারণ একান্ত অপরিহার্য। সরকারের মৎস্য চাষ নীতিমালার আলোকে দেশের রপ্তানী আয় বৃদ্ধির নিমিত্তে প্রাতিষ্ঠানিক উৎস থেকে ঋণ সরবরাহের উদ্দেশ্যে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ নিজেরাই স্থানীয় পরিস্থিতিতে মৎস্য চাষের সম্ভাব্যতা যাচাই করবে এবং প্রয়োজনে স্থানীয় মৎস্য কর্মকর্তাদের সাথে পরামর্শ করে ঋণের পরিমাণ, বিতরণকাল, ঋণের মেয়াদ ও পরিশোধসূচী নির্ধারণ করতে পারবে এবং যে কোন আয়তনের পুকুর/জলাশয়ে মৎস্য চাষের জন্য ঋণ প্রদান করতে পারবে । সরকার কর্তৃক মৎস্য চাষের উপর অধিক গুরুত্ব আরোপের প্রেক্ষিতে মৎস্য চাষের জন্য ঋণ প্রদান বৃদ্ধির লক্ষ্যে ব্যাংকসমূহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে এবং ব্যাপক প্রচারণার মাধ্যমে বিষয়টি জনগনকে অবহিত করবে ।

৫.০২। **পশুসম্পদ উন্নয়নের জন্য ঋণ ঃ-**

বাংলাদেশের জাতীয় অর্থনীতিতে  পশুসম্পদ উপখাত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে । কিন্তু বর্তমানে দেশে প্রয়োজনের তুলনায় মাংস ও দুগ্ধ সরবরাহের পরিমাণ অপ্রতুল । পশুসম্পদ উন্নয়নের লক্ষ্যে সরকারের পশুসম্পদ নীতিমালার বাস্তবায়ন ও উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ পশুসম্পদের প্রচলিত খাত/ উপখাত যেমন হালের বলদ ক্রয়, দুগ্ধ খামার স্থাপন, হাঁস-মুরগীর খামার স্থাপন, ছাগল/ভেড়ার খামার স্থাপন, গরু মোটাতাজাকরণ ইত্যাদিতে ঋণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে । পাশাপাশি, পশুখাদ্য প্রস্তুতকারীগণকে প্রয়োজনীয় ঋণ প্রদান করা যেতে পারে । এ ছাড়াও কোয়েল, খরগোশ, গিনিপিগ ইত্যাদির বিভিন্ন লাভজনক খামার স্থাপনের জন্য ঋণ প্রদান করা যেতে পারে । এ সব খাতে ঋণ প্রদানের জন্য ঋণের পরিমাণ, মেয়াদ নিরুপনের ক্ষেত্রে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ নিজেরাই এবং প্রয়োজন বোধে স্থানীয় পশুসম্পদ কর্মকর্তাদের সাথে পরামর্শ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে ।

৫.০৩। **সেচ যন্ত্রপাতি ও কৃষি যন্ত্রপাতি ঋণ ঃ-**

দেশের বিভিন্ন এলাকায় পানির অভাবে এবং হালের বলদের স্বল্পতার কারণে চাষাবাদ ব্যাহত হচ্ছে । এ পরিস্থিতির প্রেক্ষিতে দেশে চাষাবাদ পদ্ধতি যান্ত্রিকীকরণের উদ্দেশ্যে এবং প্রাকৃতিক উৎস হতে প্রাপ্ত পানির উপর নির্ভরশীলতা কমিয়ে সময়মত ফসল উৎপাদন নিশ্চিতকরণের জন্য গভীর/অগভীর/হস্তচালিত নলকূপ, ট্রেডল পাম্প ইত্যাদির জন্য ঋণ প্রদানের ব্যবস্থা করতে হবে ।  বিজ্ঞানসম্মত চাষাবাদ পদ্ধতির মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি যন্ত্রপাতি যেমন - ট্রাক্টর, পাওয়ার টিলার ইত্যাদি উপখাতে প্রয়োজনীয় ঋণের সরবরাহ নিশ্চিত করতে হবে। এতদ্‌ভিন্ন, সারের অপচয় রোধ, উৎপাদন খরচ হ্রাস এবং এর বিপরীতে উৎপাদন বৃদ্ধির স্বার্থে ব্যাংকসমূহ দানাদার ইউরিয়া **(USG)** তৈরির মেশিন প্রস্তুতকারীদের ঋণ প্রদান বিবেচনা করতে পারবে এবং তেমন ক্ষেত্রে ব্যাংকগুলো এটিডিপি বা কৃষিসম্প্রসারণ বিভাগের কর্মকর্তাদের পরামর্শ গ্রহণ করতে পারবে ।

৫.০৪। **নার্সারী স্থাপনের জন্য ঋণ ঃ-**

দেশে মরুকরণ প্রক্রিয়া রোধ করে সার্বিক পরিবেশ সংরক্ষণের জন্য সরকারের ব্যাপক বৃক্ষরোপন কর্মসূচীর এবং গ্রামীন ও সামাজিক বনায়ন কর্মসূচীর প্রেক্ষিতে গাছের চারার বিপুল চাহিদা পূরণের নিমিত্তে বাণিজ্যিক ভিত্তিতে বেসরকারী খাতে নার্সারী স্থাপন করার জন্য প্রয়োজনীয় ঋণ সরবরাহ করার লক্ষ্যে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে । বাণিজ্যিক ভাবে ফুল, ফল, অর্কিড চাষের  জন্যও চাহিদা অনুয়ায়ী ঋন প্রদান করা যাবে । এসব খাতে ঋণ প্রদানের জন্য উদ্যানতত্ত্ববিদ ও বন বিভাগের কর্মকর্তাদের সাথে পরামর্শ করে ব্যাংকসমূহ নিজেরাই ঋণের পরিমাণ, মেয়াদ ও পরিশোধসূচী নির্ধারণ করতে পারবে ।

(চলমান পাতা-৫)

৫.০৫। **তূলা চাষের জন্য ঋণ ঃ-**

তূলা একটি অর্থকরী ফসল । রবি এবং খরিপ মৌসুমে এর চাষ সম্প্রসারণ করা প্রয়োজন । এ লক্ষ্যে ব্যাংকসমূহকে প্রয়োজনীয় ঋণ সরবরাহের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে । এ খাতে ঋণ প্রদানের জন্য স্থানীয় তূলা উন্নয়ন কর্মকর্তার সাথে পরামর্শ করে ব্যাংকসমূহ নিজেরাই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৫.০৬ । **রেশম চাষ ঃ-**

রেশম জাতীয় বস্ত্রের উৎপাদন বৃদ্ধির জন্য রেশম চাষ সম্প্রসারণের লক্ষ্যে রাজশাহীসহ যে সব অঞ্চলে রেশম চাষের সম্ভাব্য এলাকা রয়েছে সে সব এলাকায় ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ রেশম চাষ/রেশম কীট উৎপাদন, তুঁত গাছের চাষ ইত্যাদি কর্মকান্ডে ঋণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে । রেশম চাষ সম্প্রসারণ কর্তৃপক্ষের সাথে পরামর্শ করে উপরোক্ত কর্মকান্ডে ঋণের পরিমাণ, মেয়াদ ও পরিশোধসূচী নির্ধারণ করা যেতে পারে ।

৫.০৭ । **আয় উৎসারী কর্মকান্ডে ঋণ প্রদান ঃ-**

কৃষি ঋণ ছাড়াও গ্রামীন অর্থনীতিতে গতিসঞ্চার করে আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে কৃষি/অকৃষি নানাবিধ আত্ম-কর্মসংস্থানমূলক আয়-উৎসারী কর্মকান্ডে ব্যাংক/আর্থিকপ্রতিষ্ঠানসমূহ একক/দলীয় ভিত্তিতে ঋণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে ।

৬.০০। **তাঁত শিল্পে ঋণ প্রদান ঃ-**

কৃষি ঋণ ছাড়াও গ্রামীন তাঁত শিল্পে ঋণ প্রদানের লক্ষ্যে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে । বাংলাদেশ কৃষি বাংক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক তাঁত ঋণের জন্য পৃথক লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক বার্ষিক কৃষি ঋণ লক্ষ্যমাত্রায় অন্তর্ভূক্ত করবে ।

৭.০০। **শস্য বীমা ঃ-**

যে কোন প্রাকৃতিক কারণে ফসল বিনষ্ট হলে আর্থিক ক্ষতিপূরণ পাওয়ার লক্ষ্যে ঋণ গ্রহীতাগণ ফসল  ঋণ গ্রহণের সময় শস্য বীমা সুবিধা গ্রহণ করতে পারে । যেহেতু, সরকারী বীমা প্রতিষ্ঠান এখনও সকল থানা পর্যায়ে ব্যাপ্তি লাভ করেনি, তাই ব্যাংকসমূহ বেসরকারী বীমা কোম্পানীগুলোর শস্য বীমা পলিসি ঋণের জামানত হিসেবে যোগ্য বলে গ্রহণ করতে পারবে ।

৮.০০। **তথ্য বিবরণী সরবরাহ ঃ-**

বার্ষিক কৃষি ঋণ কর্মসূচী বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করার জন্য সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিকপ্রতিষ্ঠান বাংলাদেশ ব্যাংকের চাহিদা মোতাবেক কৃষি/পল্লী ঋণ সংক্রান্ত নির্ভুল তথ্য/বিবরণী সময়মত সরবরাহ করবে । এছাড়া, বিদ্যমান বিবরণীসমূহ বাংলাদেশ ব্যাংকে সরবরাহ করার প্রচলিত ব্যবস্থা অব্যাহত থাকবে ।

------------------------*------------------------

**বার্ষিক কৃষি / পল্লী ঋণ কর্মসূচীঃ- খাত / উপখাত ।**

১। **স্বল্প মেয়াদী ঋণ** ঃ-

১.১। ফসল ঋণ ( চা ব্যতীত )

(ক) রোপা আমন

(খ) রবি ফসল

১) বোরো

২) গম

৩) আলু

৪) আখ

৫) সরিষা/বাদাম

৬) অন্যান্য রবি ফসল (ডাল, শীতকালীন শাক-সব্জি ইত্যাদি ) ।

(গ) গ্রীষ্মকালীন ফসল

১) আউশ/বোনা আমন

২) পাট

৩) ভূট্টা

৪) অন্যান্য গ্রীষ্মকালীন ফসল (তিল, গ্রীষ্মকালীন শাক-সব্জি ইত্যাদি ) ।

(ঘ) তূলা

(ঙ) অন্যান্য ফসল (আদা, কচু, শাক-সব্জি ইত্যাদি ) ।

১.২। আয় উৎপাদনক্ষম কর্মকান্ড ।

১.৩। মৎস্য সম্পদ উন্নয়ন

(ক) মৎস্য চাষ

(খ) চিংড়ি চাষ

(গ) একুয়াকালচার

১.৪। অন্যান্য স্বল্প মেয়াদী কর্মকান্ড ( কলা ও বিবিধ ) ।

১.৫। কৃষিজাত পণ্যের বাজারজাতকরণ ।

২। **মেয়াদী ঋণ** ঃ-

২.১। সেচযন্ত্রপাতি

ক) গভীর নলকূপ

গ) অগভীর নলকূপ

গ) এল এল পি

ঘ) হস্তচালিত নলকূপ/রোয়ার পাম্প/ট্রেডল পাম্প ।

২.২। পশুপালন

ক) হালের গরু / মহিষ

খ) পশুসম্পদ উন্নয়ন

১) গরু মোটাতাজাকরণ

২) দুগ্ধ খামার

৩) হাঁস / মুরগীর খামার

৪) ছাগল / ভেড়ার খামার

(চলমান পাতা-২)

২.৩। মৎস্য সম্পদ উন্নয়ন

- ক) পুকুরে মৎস্য চাষ
- খ) চিংড়ি চাষ
- গ) একুয়াকালচার
- ঘ) অন্যান্য

২.৪। কৃষি যন্ত্রপাতি

- ক) পাওয়ার টিলার
- খ) ট্রাক্টর
- গ) অন্যান্য কৃষি যন্ত্রপাতি

২.৫। নার্সারী ও উদ্যান ভিত্তিক ফসল (কলা, আনারস ইত্যাদি ) ।

২.৬। পান বরজ ।

২.৭। আয় উৎপাদনক্ষম কর্মকান্ড ।

২.৮। গ্রামীন পরিবহন (নৌকা, রিক্সাভ্যান, গরুর গাড়ী ইত্যাদি ) ।

২.৯। জলমহাল ব্যবস্থাপনা ।

২.১০। অন্যান্য মেয়াদী কর্মকান্ড (রেশমগুটি উৎপাদন, তুতগাছ, লাক্ষাগাছ, খয়েরগাছ উৎপাদন ইত্যাদি) ।

**পরিশিষ্ট "গ"**

## ফসল উৎপাদনের ঋণ নিয়মাচারঃ ১৪১৪-১৪১৫ বাং/২০০৭-২০০৮ইং ।

| ক্রমিক নং | ফসলের নাম | একর প্রতি উৎপাদনের খরচ (টাকায়) | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সুসম সার * | বীজ | সেচ | কীট নাশক | জমি তৈরী যান্ত্রিক/হাল | শ্রম | মৌসুম ওয়ারী ফসল উৎপাদনে জমির ভাড়া | মোট | একর প্রতি ঋণের পরিমাণ | প্রতি ঋণ গ্রহীতার জন্য সর্বোচ্চ ৫ একর এবং আখ ও আলুর জন্য সর্বোচ্চ ২.৫ একর এর জন্য ঋণের পরিমাণ | প্রতি ঋণ গ্রহীতার জন্য সর্বনিম্ন ০.৫০ বিঘার জন্য ঋণের পরিমাণ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| **(ক)** | **দানা শস্য** | | | | | | | | | | | |
| ১। | আউশ (উফশী) | ২২০০ | ৪১২ | ২২০০ | ৪৪০ | ১৮১৫ | ৩৮৫০ | ২২০০ | ১৩১১৭ | ১৩১১৭ | ৬৫৫৮৫ | ২১৮৬ |
| ২। | আউশ (স্থানীয়) | ১৭৬০ | ৩৩০ | - | ২২০ | ১৪৩০ | ২৯৭০ | ২৪২০ | ৯১৩০ | ৯১৩০ | ৪৫৬৫০ | ১৫২১ |
| ৩। | রোপা আমন (উফশী) | ২৪২০ | ৪১২ | ৫৫০ | ৫৫০ | ১৮৭০ | ৪৪০০ | ৩৩৩৩ | ১৩৫৩৫ | ১৩৫৩৫ | ৬৭৬৭৫ | ২২৫৫ |
| ৪। | রোপা আমন (স্থানীয়) | ১৬৫০ | ২৪৭ | - | ২২০ | ১৪৩০ | ৩৩০০ | ২৪২০ | ৯২৬৭ | ৯২৬৭ | ৪৬৩৩৫ | ১৫৪৪ |
| ৫। | হাইব্রিড | ২৮৬০ | ১৩২০ | ৪৪০০ | ৫৫০ | ১৯৮০ | ৬০৫০ | ৩৩০০ | ২০৪৬০ | ২০৪৬০ | ১০২৩০০ | ৩৪১০ |
| ৬। | বোনা আমন (স্থানীয়) | ১৬৫০ | ৩৩০ | - | ২২০ | ১৪৩০ | ৩৩০০ | ২২০০ | ৯১৩০ | ৯১৩০ | ৪৫৬৫০ | ১৫২১ |
| ৭। | বোরো (উফশী) | ২৮৬০ | ৪১২ | ৪৯৫০ | ৫৫০ | ৮৮০ | ৬০৫০ | ৩৩০০ | ১৯০০২ | ১৯০০২ | ৯৫০১০ | ৩১৬৭ |
| ৮। | বোরো (স্থানীয়) | ১৮৭০ | ২৪৭ | ১৬৫০ | ২২০ | ১৪৩০ | ২৯৭০ | ২২০০ | ১০৫৮৭ | ১০৫৮৭ | ৫২৯৩৫ | ১৭৬৪ |
| ৯। | গম (সেচকৃত) | ২৫৩০ | ১৩৩১ | ১৬৫০ | ২২০ | ১৬৫০ | ৩৮৫০ | ৩৩০০ | ১৪৫৩১ | ১৪৫৩১ | ৭২৬৫৫ | ২৪২১ |
| ১০। | গম (সেচবিহীন) | ২৪২০ | ১১০০ | - | ২২০ | ১৪৩০ | ২৭৫০ | ২৩১০ | ১০২৩০ | ১০২৩০ | ৫১১৫০ | ১৭০৫ |
| ১১। | কাউন | ১৯৮০ | ৭১ | ৫৫০ | ১১০ | ১৪৩০ | ১৩২০ | ১৬৫০ | ৭১১১ | ৭১১১ | ৩৫৫৫৫ | ১১৮৫ |
| ১২। | জোয়ার (সারগম) | ১৯৮০ | ১১০ | ৫৫০ | ১১০ | ১৪৩০ | ২২০০ | ১৬৫০ | ৮০৩০ | ৮০৩০ | ৪০১৫০ | ১৩৩৮ |
| ১৩। | বাজরা (পার্লমিলেট) | ১৯৮০ | ১৬৫ | ৫০০ | ১১০ | ১৪৩০ | ২২০০ | ১৬৫০ | ৮০৩৫ | ৮০৩৫ | ৪০১৭৫ | ১৩৩৯ |
| ১৪। | বার্লি বা যব | ১৫৪০ | ২২০ | ৮৮০ | ২২০ | ১৪৩০ | ১৯৮০ | ১৬৫০ | ৭৯২০ | ৭৯২০ | ৩৯৬০০ | ১৩২০ |
| ১৫। | চিনা | ১২৬৫ | ৮২ | ৫৫০ | ১১০ | ১৪৩০ | ১৬৫০ | ১৬৫০ | ৬৭৩৭ | ৬৭৩৭ | ৩৩৬৮৫ | ১১২২ |

| ক্রমিক নং | ফসলের নাম | একর প্রতি উৎপাদনের খরচ (টাকায়) | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সুসম সার * | বীজ | সেচ | কীট নাশক | জমি তৈরী যান্ত্রিক/হাল | শ্রম | মৌসুম ওয়ারী ফসল উৎপাদনে জমির ভাড়া | মোট | একর প্রতি ঋণের পরিমাণ | প্রতি ঋণ গ্রহীতার জন্য সর্বোচ্চ ৫ একর এবং আখ ও আলুর জন্য সর্বোচ্চ ২.৫ একর এর জন্য ঋণের পরিমাণ | প্রতি ঋণ গ্রহীতার জন্য সর্বনিম্ন ০.৫০ বিঘার জন্য ঋণের পরিমাণ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| **(খ)** | **অর্থকরী ফসল** | | | | | | | | | | | |
| ১৬। | পাট | ১৬৫০ | ১১০ | - | ৩৩০ | ১৭৬০ | ৩৮৫০ | ১৬৫০ | ৯৩৫০ | ৯৩৫০ | ৪৬৭৫০ | ১৫৫৮ |
| ১৭। | ছন | ১৩৭৫ | ৫৫ | - | ২২০ | ৮৮০ | ১৩২০ | ১৩২০ | ৫১৭০ | ৫১৭০ | ২৫৮৫০ | ৮৬১ |
| ১৮। | আখ | ৪৮৪০ | ১৩২০ | ২২০০ | ১৩২০ | ২২০০ | ৬০৫০ | ৪৪০০ | ২২৩৩০ | ২২৩৩০ | ৫৫৮২৫ | ৩৭২১ |
| ১৯। | পান | ১৯৯১০ | ২৩১০০ | ২৫৩০ | ১৩২০ | ২২০০ | ২৪২০০ | ৪৪০০ | ৭৭৬৬০ | ৭৭৬৬০ | ৩৮৮৩০০ | ১২৫২১ |
| ২০। | তুলা (আমেরিকান) | ৫৫২৭ | ৬৬ | ৯৯০ | ২৭৫০ | ৭৭০ | ১৬৫০ | ২৭৫০ | ১৪৫০৩ | ১৪৫০৩ | ৭২৫১৫ | ২৪১৭ |
| ২১। | তুলা (কুমিল্লা পাহাড়ী) | ১৪৫৩ | ৯৯ | - | ১১০০ | ৭৭০ | - | ৫৫০ | ৩৯৭২ | ৩৯৭২ | ১৯৮৬০ | ৬৬২ |
| **(গ)** | **রবি ফসল** | | | | | | | | | | | |
| ২২। | সীম | ২৮০৫ | ৫৫ | ৩৩০ | ৫৫০ | ১৭৬০ | ৫৫০০ | ২২০০ | ১৩২০০ | ১৩২০০ | ৬৬০০০ | ২১৪৫ |
| ২৩। | লাল শাক | ২৮০৫ | ৫৫ | ৩৩০ | ২২০ | ১৪৩০ | ৩৩০০ | ২৭৫০ | ১০৮৯০ | ১০৮৯০ | ৫৪৪৫০ | ১৭৬০ |
| ২৪। | পালং শাক | ২৫৮৫ | ৮২৫ | ৬৬০ | ২২০ | ১৪৩০ | ৩৩০০ | ১৬৫০ | ১০৬৭০ | ১০৬৭০ | ৫৩৩৫০ | ১৬৬৮ |
| ২৫। | কলমিশাক | ২৫৩০ | ৮২৫ | ৩৩০ | ৩৩০ | ১৪৩০ | ৩৩০০ | ১৬৫০ | ১০৩৯৫ | ১০৩৯৫ | ৫১৯৭৫ | ১৬৭৭ |
| ২৬। | লাউ | ২৯৭০ | ৫৫ | ৫৫০ | ৩৩০ | ১৪৩০ | ৩৮৫০ | ১৬৫০ | ১০৮৩৫ | ১০৮৩৫ | ৫৪১৭৫ | ১৭১৪ |
| ২৭। | মুলা | ৩৫২০ | ১৭৬০ | ১১০০ | ৫৫০ | ১৪৩০ | ৩৮৫০ | ১৬৫০ | ১৩৮৬০ | ১৩৮৬০ | ৬৯৩০০ | ২৩১০ |
| ২৮। | ফুলকপি | ৩৮৫০ | ৩৩০ | ১১০০ | ৫৫০ | ১৪৩০ | ৭১৫০ | ১৬৫০ | ১৬০৬০ | ১৬০৬০ | ৮০৩০০ | ২৪৯৩ |
| ২৯। | বাঁধাকপি | ৪৪০০ | ৬৬০ | ৫৫০ | ৫৫০ | ১৪৩০ | ৩৮৫০ | ১৬৫০ | ১৩০৯০ | ১৩০৯০ | ৬৫৪৫০ | ২০৯০ |
| ৩০। | ওলকপি | ৩৫২০ | ১৭৮৭ | ৫৫০ | ৫৫০ | ১৩২০ | ৩৮৫০ | ১৫৪০ | ১৩১১৭ | ১৩১১৭ | ৬৫৫৮৫ | ২০৯৪ |
| ৩১। | শালগম | ৩৫২০ | ১৭৬০ | ৫৫০ | ৫৫০ | ১৩২০ | ৩৮৫০ | ১৫৪০ | ১৩০৯০ | ১৩০৯০ | ৬৫৪৫০ | ২০৯০ |
| ৩২। | গাজর | ৩৫২০ | ১৭৮৭ | ৫৫০ | ৫৫০ | ১৩২০ | ৩৮৫০ | ১৫৪০ | ১৩১১৭ | ১৩১১৭ | ৬৫৫৮৫ | ২০৯৪ |
| ৩৩। | মটরশুটি | ২৫৩০ | ১৫৪০ | - | ৩৩০ | ১৩২০ | ৪৪০০ | ১৬৫০ | ১১৭৭০ | ১১৭৭০ | ৫৮৮৫০ | ১৯৬১ |
| ৩৪। | বরবটি | ২৫৩০ | ১৫৪০ | ৩৩০ | ৩৩০ | ১৪৩০ | ৪৬২০ | ১৬৫০ | ১২৪৩০ | ১২৪৩০ | ৬২১৫০ | ২০১৬ |
| ৩৫। | লেটুস | ২৫৩০ | ৮২৫ | ৫৫০ | ২২০ | ১৪৩০ | ৩৩০০ | ১৫৪০ | ১০৩৯৫ | ১০৩৯৫ | ৫১৯৭৫ | ১৬৪০ |
| ৩৬। | ওবরা | ২৮৬০ | ১৬৫ | ৩৩০ | ৩৩০ | ১৬৫০ | ২৭৫০ | ১৫৪০ | ৯৬২৫ | ৯৬২৫ | ৪৮১২৫ | ১৫৪৯ |
| ৩৭। | বেগুন | ৪১৮০ | ৫৫ | ১১০০ | ১১০০ | ১৮৭০ | ৪৪০০ | ২২০০ | ১৪৯০৫ | ১৪৯০৫ | ৭৪৫২৫ | ২৩০০ |
| ৩৮। | টমেটো | ৪২৯০ | ১১০ | ১১০০ | ১১০০ | ১৮৭০ | ৪৪০০ | ২২০০ | ১৫০৭০ | ১৫০৭০ | ৭৫৩৫০ | ২৩২৮ |

দ্রঃ আমেরিকান তুলা চাষের জন্য টিএসটি সারের পরিবর্তে ডিএপি ব্যবহার করা হলে একর প্রতি ইউরিয়া ১০০ কেজির পরিবর্তে ৭৩ কেজি ব্যবহার করতে হবে ।

(চলমান পাতা-৩)

| ক্রমিক নং | ফসলের নাম | একর প্রতি উৎপাদনের খরচ (টাকায়) | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সুসম সার * | বীজ | সেচ | কীট নাশক | জমি তৈরী যান্ত্রিক/হাল | শ্রম | মৌসুম ওয়ারী ফসল উৎপাদনে জমির ভাড়া | মোট | একর প্রতি ঋণের পরিমাণ | প্রতি ঋণ গ্রহীতার জন্য সর্বোচ্চ ৫ একর এবং আখ ও আলুর জন্য সর্বোচ্চ ২.৫ একর এর জন্য ঋণের পরিমাণ | প্রতি ঋণ গ্রহীতার জন্য সর্বনিম্ন ০.৫০ বিঘার জন্য ঋণের পরিমাণ |
| ১ | | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| **(ঘ)** | **খরিপ সব্জি** | | | | | | | | | | | |
| ৩৯। | শসা | ৩৮৫০ | ১৬৫ | ৫৫০ | ৩৩০ | ১৪৩০ | ৪৯৫০ | ১৩২০ | ১২৫৯৫ | ১২৫৯৫ | ৬২৯৭৫ | ২০৯৯ |
| ৪০। | উচ্ছে | ৩০৮০ | ১৬৫ | ৩৩০ | ৩৩০ | ১৪৩০ | ৪৯৫০ | ১৩২০ | ১১৬০৫ | ১১৬০৫ | ৫৮০২৫ | ১৯৩৪ |
| ৪১। | পটল | ৩১৯০ | ১৬৭৭ | ৫৫০ | ৪৪০ | ১৬৫০ | ৩৮৫০ | ১৯৮০ | ১৩৩৩৭ | ১৩৩৩৭ | ৬৬৬৮৫ | ২২২২ |
| ৪২। | ঢেঁড়শ | ৩১৯০ | ১৬৫ | ৫৫০ | ৪৪০ | ১৫৪০ | ২৯৭০ | ১৫৪০ | ১০৩৯৫ | ১০৩৯৫ | ৫১৯৭৫ | ১৭৩২ |
| ৪৩। | মিষ্টি কুমড়া | ৩৩০০ | ৫৫ | ০ | ৩৩০ | ১৩২০ | ৩০৮০ | ১২১০ | ৯২৯৫ | ৯২৯৫ | ৪৬৪৭৫ | ১৫৪৯ |
| ৪৪। | চালকুমড়া | ৩৫২০ | ১১০ | ২২০ | ৩৩০ | ১৩২০ | ৪৯৫০ | ১২১০ | ১১৬৬০ | ১১৬৬০ | ৫৮৩০০ | ১৯৪৩ |
| ৪৫। | কাকরোল | ৩৮৫০ | ১৮৭০ | ২২০ | ৫৫০ | ১৪৩০ | ৬৬০০ | ১৯৮০ | ১৬৫০০ | ১৬৫০০ | ৮২৫০০ | ২৭৫০ |
| ৪৬। | ঝিংগা | ৩৪৬০ | ৪৯৫ | ২২০ | ৩৩০ | ১২১০ | ৪৯৫০ | ১৩২০ | ১২৪৮৫ | ১২৪৮৫ | ৬২৪২৫ | ২০৮০ |
| ৪৭। | চিচিংগা | ৩৬৩০ | ৪৯৫ | ০ | ৩৩০ | ১২১০ | ৪৯৫০ | ১৩২০ | ১১৯৩৫ | ১১৯৩৫ | ৫৯৬৭৫ | ১৯৮৯ |
| ৪৮। | ধুন্দুল | ৩৯৬০ | ৪৯৫ | ০ | ৩৩০ | ১২১০ | ৪৯৫০ | ১২১০ | ১২১৫৫ | ১২১৫৫ | ৬০৭৭৫ | ২০২৫ |
| ৫৯। | পুঁই | ২৬৪০ | ৭৭০ | ৭৭০ | ৩৩০ | ১৪৩০ | ৩৩০০ | ১২১০ | ১০৪৫০ | ১০৪৫০ | ৫২২৫০ | ১৭৪১ |
| ৫০। | ডাটা | ২৬৪০ | ৫৫ | ৫৫০ | ৩৩০ | ১৪৩০ | ২২০০ | ১২১০ | ৮৪১৫ | ৮৪১৫ | ৪২০৭৫ | ১৪০২ |
| ৫১। | মরিচ | ৩৮৫০ | ১৬৫ | ১১০০ | ৭৭০ | ১৪৩০ | ৪৪০০ | ১৬৫০ | ১৩৩৬৫ | ১৩৩৬৫ | ৬৬৮২৫ | ২২২৭ |
| ৫২। | পিয়াজ | ৩৩০০ | ২০৩৫ | ৭৭০ | ৫৫০ | ১৬৫০ | ৫৫০০ | ১৮৭০ | ১৫৬৭৫ | ১৫৬৭৫ | ৭৮৩৭৫ | ২৬১২ |
| ৫৩। | রসুন | ৩৪১০ | ৩৩৫৫ | ৭৭০ | ৫৫০ | ১৬৫০ | ৫৫০০ | ১৬৫০ | ১৬৮৮৫ | ১৬৮৮৫ | ৮৪৪২৫ | ২৮১৪ |
| ৫৪। | আদা | ৪৯৫০ | ৮৩০৫ | ৭৭০ | ৫৫০ | ১৬৫০ | ৪৭৩০ | ২৭৫০ | ২৩৭০৫ | ২৩৭০৫ | ১১৮৫২৫ | ৩৯৫০ |
| ৫৫। | হলুদ | ৩০৮০ | ৪৪০০ | ৫৫০ | ৩৩০ | ১৬৫০ | ৩৩০০ | ২৭৫০ | ১৬০৬০ | ১৬০৬০ | ৮০৩০০ | ২৬৭৬ |
| ৫৬। | জিরা | ৩৯৬০ | ৭৭০ | ১১০০ | ৩৩০ | ১৬৫০ | ৪৭৩০ | ১৬৫০ | ১৪১৯০ | ১৪১৯০ | ৭০৯৫০ | ২৩৬৫ |

(চলমান পাতা-৪)

| ক্রমিক নং | ফসলের নাম | একর প্রতি উৎপাদনের খরচ (টাকায়) | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সুসম সার * | বীজ | সেচ | কীট নাশক | জমি তৈরী যান্ত্রিক/হাল | শ্রম | মৌসুম ওয়ারী ফসল উৎপাদনে জমির ভাড়া | মোট | একর প্রতি ঋণের পরিমাণ | প্রতি ঋণ গ্রহীতার জন্য সর্বোচ্চ ৫ একর এবং আখ ও আলুর জন্য সর্বোচ্চ ২.৫ একর এর জন্য ঋণের পরিমাণ | প্রতি ঋণ গ্রহীতার জন্য সর্বনিম্ন ০.৫০ বিঘার জন্য ঋণের পরিমাণ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| **(ঙ)** | **ফল** | | | | | | | | | | | |
| ৫৭। | কলা | ৯৯০০ | ১২১০০ | ১৩২০ | ৭৭০ | ১৭৬০ | ৪৯৫০ | ৩৩০০ | ৩৪১০০ | ৩৪১০০ | ১৭০৫০০ | ৫৬৮৩ |
| ৫৮। | পেঁপে | ৯০২০ | ১২৫৬ | ৫৫০ | ৩৩৩ | ১৬৫০ | ৪৯৫০ | ৩৩০০ | ২১০৫৯ | ২১০৫৯ | ১০৫২৯৫ | ৩৫০৯ |
| ৫৯। | আনারস (রবি) | ৭১৫০ | ১৫৪০০ | ৭৭০ | ৩৮৫ | ১৭৬০ | ৬০৫০ | ৩৩০০ | ৩৪৮১৫ | ৩৪৮১৫ | ১৭৪০৭৫ | ৫৮০২ |
| ৬০। | আনারস (খরিপ) | ৭১৫০ | ১৫৪০০ | ৫৫০ | ৩৮৫ | ১৭৬০ | ৬০৫০ | ৩৩০০ | ৩৪৫৯৫ | ৩৪৫৯৫ | ১৭২৯৭৫ | ৫৭৬৫ |
| ৬১। | তরমুজ | ৫৭২০ | ১৭৬০ | ১৬৫০ | ৮৮০ | ১৭৬০ | ৫৫০০ | ৩৩০০ | ২০৫৭০ | ২০৫৭০ | ১০২৮৫০ | ৩৪২৮ |
| ৬২। | বাংগী | ৩৭৪০ | ৩৮৫ | ৫৫০ | ৩৮৫ | ১৭৬০ | ৪৯৫০ | ১৬৫০ | ১৩৪২০ | ১৩৪২০ | ৬৭১০০ | ২২৩৬ |
| ৬৩। | আম | ৯৯০০ | ৫৫০০ | ৫৫০০ | ২২০০ | ৩৩০০ | ১০০০ | ১৭৬০০ | ৪৫০০০ | ৪৫০০০ | ২২৫৫০০ | ৭৫০০ |
| **(চ)** | **কনদল শস্য** | | | | | | | | | | | |
| ৬৪। | ধঞ্চা | ০ | ২৬৪ | ০ | ০ | ১১০০ | ১১০০ | ৮৮০ | ৩৩৪৪ | ৩৩৪৪ | ১৬৭২০ | ৫৫৭ |
| ৬৫। | আলু (উফশী) | ৫০৬০ | ৫৩৯০ | ১৬৫০ | ৬৬০ | ১৯৮০ | ৩৩০০ | ১৯৮০ | ২০০২০ | ২০০২০ | ৫০০৫০ | ৩৩৩৬ |
| ৬৬। | আলু (স্থানীয়) | ৩০৮০ | ১৯৮০ | ৭৭০ | ৩৩০ | ১৭৬০ | ৩০৮০ | ১৮৭০ | ১২৮৭০ | ১২৮৭০ | ৩২১৭৫ | ২১৪৫ |
| ৬৭। | মিষ্টি আলু | ২৭৫০ | ১৭৫০ | ৭৭০ | ৩৩০ | ১৭৬০ | ২৭৫০ | ১৫০০ | ১১৬১০ | ১১৬১০ | ২৯০২৫ | ১৯৩৫ |
| ৬৮। | কচু | ২৬৯৫ | ১৭৫০ | ৩৩০ | ২৭৫ | ১৭৬০ | ২৫৭০ | ১৭০৫ | ১১০৮৫ | ১১০৮৫ | ৫৫৪২৫ | ১৮৪৭ |
| **(ছ)** | **তৈল বীজ** | | | | | | | | | | | |
| ৬৯। | সরিষা (উফশী) | ২৮৬০ | ২২০ | ৮৮০ | ৩৩০ | ১৭৬০ | ১৮৭০ | ১৩২০ | ৯২৪০ | ৯২৪০ | ৪৬২০০ | ১৫৪০ |
| ৭০। | সরিষা (স্থানীয়) | ২০৯০ | ২০৩ | ৭৭০ | ৩৩০ | ১৫৪০ | ১৮৭০ | ১৩২০ | ৮১২৩ | ৮১২৩ | ৪০৬১৫ | ১৩৫৩ |
| ৭১। | চীনাবাদাম (খরিপ-১) | ২৫৩০ | ৬৬০ | ০ | ৩৩০ | ১৭৬০ | ১৬৫০ | ১৫৪০ | ৮৪৭০ | ৮৪৭০ | ৪২৩৫০ | ১৪১১ |
| ৭২। | চীনাবাদাম (খরিপ-২) | ২৫৩০ | ৬৬০ | ০ | ৩৩০ | ১৭৬০ | ১৬৫০ | ১৫৪০ | ৮৪৭০ | ৮৪৭০ | ৪২৩৫০ | ১৪১১ |
| ৭৩। | চিনা বাদাম (রবি) | ২৫৩০ | ৬৬০ | ৭৭০ | ৩৩০ | ১৭৬০ | ১৬৬০ | ১৫৪০ | ৯২৫০ | ৯২৫০ | ৪৬২৫০ | ১৫৪১ |
| ৭৪। | সূর্যমুখী (খরিপ-১) | ৩১৯০ | ২২০ | ৫৫০ | ৩৩০ | ১৭৬০ | ১৬৫০ | ১৩২০ | ৯০২০ | ৯০২০ | ৪৫১০০ | ১৫০৩ |

(চলমান পাতা-৫)

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৭৫। | সূর্যমুখী (খরিপ-২) | ৩১৯০ | ১১০ | ৫৫০ | ৩৩০ | ১৭৬০ | ১৬৫০ | ১৩২০ | ৮৯১০ | ৮৯১০ | ৪৪৫৫০ | ১৪৮৫ |
| ৭৬। | সূর্যমুখী (রবি) | ৩১৯০ | ৭৭০ | ৭৭০ | ৩৩০ | ১৭৬০ | ১৬৫০ | ১৩২০ | ৯৭৯০ | ৯৭৯০ | ৪৮৯৫০ | ১৬৩১ |
| ৭৭। | সূর্যমুখী (উফশী) | ৩১৯০ | ৭৭০ | ৭৭০ | ৩৩০ | ১৭৬০ | ১৬৫০ | ১৩২০ | ৯৭৯০ | ৯৭৯০ | ৪৮৯৫০ | ১৬৩১ |
| ৭৮। | তিল (খরিপ) | ২২০০ | ১১০ | ৮৮০ | ৫৫০ | ১৭৬০ | ১২১০ | ১১০০ | ৭৮১০ | ৭৮১০ | ৩৯০৫০ | ১৩০১ |
| ৭৯। | তিল (রবি) | ২২০০ | ১১০ | ১১০০ | ২২০ | ১৬৫০ | ১২১০ | ১১০০ | ৭৫৯০ | ৭৫৯০ | ৩৭৯৫০ | ১২৬৫ |
| ৮০। | কুসুম ফুল | ২০৯০ | ১১০ | ১১০০ | ২২০ | ১৬৫০ | ১২১০ | ১১০০ | ৭৪৮০ | ৭৪৮০ | ৩৭৪০০ | ১২৪৬ |
| ৮১। | তিসি | ২০৯০ | ১১০ | ১১০০ | ২২০ | ১৬৫০ | ১২১০ | ১১০০ | ৭৪৮০ | ৭৪৮০ | ৩৭৪০০ | ১২৪৬ |
| **(জ)** | **ডাল শস্য** | | | | | | | | | | | |
| ৮২। | সয়াবিন (খরিপ) | ২৭৫০ | ৪৬০ | ০ | ৩৩০ | ১৫৪০ | ১৬৫০ | ১৪৩০ | ৮১৬০ | ৮১৬০ | ৪০৮০০ | ১৩৬০ |
| ৮৩। | সয়াবিন(রবি) | ২৮০৫ | ৪৪০ | ৭৭০ | ৩৩০ | ১৫৪০ | ১৬৫০ | ১৫৪০ | ৯০৭৫ | ৯০৭৫ | ৪৫৩৭৫ | ১৫১২ |
| ৮৪। | মুগডাল (গ্রীষ্মকালিন) | ১৪৩০ | ৩৮৫ | ০ | ৩৩০ | ১৪৩০ | ১৬৫০ | ১৩২০ | ৬৫৪৫ | ৬৫৪৫ | ৩২৭২৫ | ১০৯০ |
| ৮৫। | মুগডাল (খরিপ) | ১৪৩০ | ৩৮৫ | ০ | ৩৩০ | ১৪৩০ | ১৬৫০ | ১৩২০ | ৬৫৪৫ | ৬৫৪৫ | ৩২৭২৫ | ১০৯০ |
| ৮৬। | মুগডাল(রবি) | ১৪৩০ | ৩৮৫ | ০ | ২২০ | ১৪৩০ | ১৬৫০ | ১৪৩০ | ৬৫৪৫ | ৬৫৪৫ | ৩২৭২৫ | ১০৯০ |
| ৮৭। | মাসকালাই (গ্রীষ্মকালিন) | ১৪৩০ | ৩৮৫ | ০ | ২২০ | ১৪৩০ | ১৬৫০ | ১৪৩০ | ৬৫৪৫ | ৬৫৪৫ | ৩২৭২৫ | ১০৯০ |
| ৮৮। | মাসকালাই(খরিপ) | ১৪৩০ | ৩৮৫ | ০ | ২২০ | ১৪৩০ | ১৬৫০ | ১৪৩০ | ৬৫৪৫ | ৬৫৪৫ | ৩২৭২৫ | ১০৯০ |
| ৮৯। | মাসকালাই(রবি) | ১৪৩০ | ৩৮৫ | ০ | ২২০ | ১৪৩০ | ১৬৫০ | ১৪৩০ | ৬৫৪৫ | ৬৫৪৫ | ৩২৭২৫ | ১০৯০ |
| ৯০। | ছোলা | ১৬৫০ | ৩৩০ | ৫৫০ | ৫৫০ | ১৪৩০ | ১৬৫০ | ১৪৩০ | ৭৫৯০ | ৭৫৯০ | ৩৭৯৫০ | ১২৬৫ |
| ৯১। | অড়হর | ১৮৭০ | ২২০ | ০ | ২২০ | ১৪৩০ | ১৬৫০ | ১৪৩০ | ৬৮২০ | ৬৮২০ | ৩৪১০০ | ১১৩৬ |
| ৯২। | মসুর | ১৯৮০ | ৪৪০ | ৫৫০ | ২২০ | ১৪৩০ | ১৬৫০ | ১৪৩০ | ৭৭০০ | ৭৭০০ | ৩৮৫০০ | ১২৮৩ |
| ৯৩। | খেসারী | ১৪৩০ | ৩৮৫ | ০ | ২২০ | ১৪৩০ | ১৬৫০ | ১১০০ | ৬২১৫ | ৬২১৫ | ৩১০৭৫ | ১০৩৫ |
| ৯৪। | মটর | ১৯৮০ | ৪৪০ | ০ | ২২০ | ১৪৩০ | ১৬৫০ | ১২১০ | ৬৯৩০ | ৬৯৩০ | ৩৪৬৫০ | ১১৫৫ |
| ৯৫। | গোমটর | ১৫৯৫ | ৪১২ | ০ | ২২০ | ১২১০ | ১৩২০ | ৮৮০ | ৫৬৩৭ | ৫৬৩৭ | ২৮১৮৫ | ৯৩৯ |
| ৯৬। | ভুট্টা (খরিপ) | ৩৭৪০ | ১১০ | ৮৮০ | ৩৩০ | ১৪৩০ | ২৪২০ | ১৫৪০ | ১০৪৫০ | ১০৪৫০ | ৫২২৫০ | ১৭৪১ |
| ৯৭। | ভুট্টা (রবি) | ৩৭৪০ | ১১০ | ১১০০ | ৩৩০ | ১৪৩০ | ২৪২০ | ১৫৪০ | ১০৬৭০ | ১০৬৭০ | ৫৩৩৫০ | ১৭৭৮ |
| ৯৮। | ভুট্টা (হাইব্রিড) | ৪৪০০ | ১৪০ | ১১০০ | ৫৫০ | ১৪৩০ | ২৭৫০ | ১৫৪০ | ১১৯১০ | ১১৯১০ | ৫৯৫৫০ | ১৯৮৫ |

* প্রয়োজন বোধে জেলা পর্যায়ে উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর নেতৃত্বে গঠিত জেলা কৃষি সম্প্রসারণ পরিকল্পনা কমিটিতে (ডিএইপিসি) আলোচনা করে বিভিন্ন সারের মাত্রা নির্নয় করা যেতে পারে ।

** যারা নিজস্ব মালিকানাধীন জমিতে চাষাবাদ করেন তাদের জমির ভাড়া প্রয়োজ্য হবে না ।

পরিশিষ্ট "ঘ"

## ফসল উৎপাদনের ঋণ নিয়মাচার ঃ ১৪১৪-১৪১৫বাং/২০০৭-২০০৮ইং

## শ্রেণীবিন্যাস/মিশ্র ফসল/সাথী ফসল/রিলে চাষ ভিত্তিক বাৎসরিক উৎপাদন পরিকল্পনা ।

ফসল (একর প্রতি)
ঋণের পরিমাণ টাকায় (একর প্রতি)

| ক্রমিক নং | ফসল বিন্যাস | খরিপ-২ | রবি | খরিপ-১ | মোট | ফসলের নিবিড়তা |
|---|---|---|---|---|---|---|
| ১। | আলু-বোনা আউশ | - | আলু ১৭৩২৫ | বোনা আউশ ৭৪৭০ | ২৪৭৯৫ | ২০০% |
| ২। | রোপা আমন স্থানীয় আলু-সবুজ সার | রোপা আমন(স্থানীয়) ৭৭০০ | আলু ১৭৩২৫ | সবুজ সার ৩০৯০ | ২৮১১৫ | ৩০০% |
| ৩। | আলু-কচু | - | আলু ১৭৩২৫ | কচু ১০১৫০ | ২৭৪৭৫ | ২০০% |
| ৪। | রোপা আমন (উফশী) সূর্যমুখী-মুগ | রোপা আমন (উফশী) ৯৮০৫ | সূর্যমুখী ৮৬৫০ | মুগ ৬৫৭৫ | ২৫০৩০ | ৩০০% |
| ৫। | রোপা আমন (উফশী) সূর্যমুখী-সবুজ সার | রোপা আমন (উফশী) ৯৮০৫ | সূর্যমুখী ৮৬৫০ | সবুজ সার ৩০৯০ | ২১৫৪৫ | ৩০০% |
| ৬। | রোপা আমন (উফশী) সরিষা-সবুজ সার | রোপা আমন (উফশী) ৯৮০৫ | সরিষা ৭৯৫০ | সবুজ সার ৩০৯০ | ২০৮৪৫ | ৩০০% |
| ৭। | তুলা-ছোলা | তুলা ৯৮০৫ | ছোলা ৫৫০০ | - | ১৫৩০৫ | ২০০% |
| ৮। | মাসকালাই-মুগ বোনা আউশ | মাসকালাই ৫৬৭৫ | মুগ ৬৫৭৫ | বোনা আউশ ৭৪৭০ | ১৯৭২০ | ৩০০% |
| ৯। | সরিষা-বোনা আউশ | - | সরিষা ৭৯৫০ | বোনা আউশ ৭৪৭০ | ১৫৪২০ | ২০০% |
| ১০। | মাসকালাই-সরিষা মসুর-বোনা আউশ | মাসকালাই ৫৬৭৫ | সরিষা-মসুর ৭৯৫০+৪০০ | বোনা আউশ ৭৪৭০ | ২১৪৯৫ | ৩০০% |
| ১১। | রোপা আমন (স্থানীয়) সরিষা-বোরো (উফশী) | রোপা আমন(স্থানীয়) ৭৭০০ | - | সরিষা-বোরো(উফশী) ৭৯৫০+২০০ | ১৫৮৫০ | ৩০০% |
| ১২। | রোপা আমন (স্থানীয়) সূর্যমুখী-সবুজ সার | রোপা আমন(স্থানীয়) ৭৭০০ | সূর্যমুখী ৮৬৫০ | সবুজসার ৩০৯০ | ১৯৪৪০ | ৩০০% |
| ১৩। | তিল-বোনা আউশ | - | তিল ৬৫৫০ | বোনা আউশ ৭৪৭০ | ১৪০২০ | ২০০% |
| ১৪। | মিষ্টি আলু-কাউন | - | মিষ্টি আলু ১০৬৫০ | কাউন ৫৯৯০ | ১৬৬৪০ | ২০০% |
| ১৫। | রোপা আমন(উফশী) আলু-ভুট্টা | রোপা আমন(উফশী) ৭৭০০ | আলু (উফশী) ১৭৩২৫ | ভুট্টা ৮৬২৫ | ৩৩৬৫০ | ৩০০% |
| ১৬। | সরিষা-বোনা আউশ+ বোনা আমন | - | সরিষা ৭৯৬০ | বোনা আউশ+বোনা আমন ৭৪৭০+৩২৫ | ১৫৭৫৫ | ৩০০% |
| ১৭। | রোপা আমন(উফশী) সরিষা-বোনা আউশ | রোপা আমন(উফশী) ৭৭০০ | সরিষা ৭৯৫০ | বোনা আউশ ৭৪৭০ | ২৩১২০ | ৩০০% |
| ১৮। | রোপা আমন(স্থানীয়) সরিষা-রোপা আউশ(উফশী) | রোপা আমন(স্থানীয়) ৭৭০০ | সরিষা ৭৯৫০ | রোপা আউশ(উফশী) ৯৯২৫ | ২৫৫৭৫ | ৩০০% |
| ১৯। | মুলা-আলু-পাট | - | মুলা-আলু উফশী ১২৪০০+৪৯০০ | পাট ৮২৭০ | ২৫৫৭০ | ৩০০% |
| ২০। | বোনা আমন-আলু-তিল | বোনা আমন ৬৮২৫ | আলু (উফশী) ১৭৩২৫ | তিল ৬৪৫০ | ৩০৬০০ | ৩০০% |
| ২১। | রোপা আমন(উফশী) আলু (উফশী-বোনা আউশ | রোপা আমন(উফশী ৯৮০৫ | আলু(উফশী) ১৭৩২৫ | বোনা আউশ ৭৪৭০ | ৩৪৬০০ | ৩০০% |
| ২২। | সরিষা-পাট | - | সরিষা ৭৯০০ | পাট ৮২৭০ | ১৬১৭০ | ২০০% |
| ২৩। | আলু-পাট | - | আলু(উফশী) ১৭৩২৫ | পাট ৮২৭০ | ২৫৫৯৫ | ২০০% |
| ২৪। | রোপা আমন (উফশী) আলু(স্থানীয়)বোরো(উফশী) | রোপা আমন(উফশী) ৯৮০৫ | আলু (স্থানীয়) ১১৩০০ | বোরো (উফশী) ১২২০০ | ৩৩৩০৫ | ৩০০% |
| ২৫। | মসুর-পাট | - | মসুর ৬১২৫ | পাট ৮২৭০ | ১৪৩৯৫ | ২০০% |

(চলমান পাতা-২)

| ক্রমিক নং | ফসল বিন্যাস | খরিপ-২ | রবি | খরিপ-১ | মোট | ফসলের নিবিড়তা |
|---|---|---|---|---|---|---|
| ২৬। | মসুর+সরিষা-পাট | - | মসুর+সরিষা<br>৬১২৫+২০০ | পাট<br>৮২৭০ | ১৪৫৯৫ | ২০০% |
| ২৭। | মুগ-মসুর-পাট | মুগ<br>৫৬৭৫ | মসুর<br>৬১২৫ | পাট<br>৮২৭০ | ২০০৭০ | ৩০০% |
| ২৮। | রোপা আমন(স্থানীয়)<br>মসুর-পাট | রোপা আমন (স্থানীয়)<br>৭৭০০ | মসুর<br>৬১২৫ | পাট<br>৮২৭০ | ২২০৯৫ | ৩০০% |
| ২৯। | মুলা-মসুর -পাট | - | মুলা+মসুর<br>১২৪৫০+৪০০ | পাট<br>৮২৭০ | ২১১২০ | ৩০০% |
| ৩০। | বোনা আমন<br>সরিষা-বোনা আউশ | বোনা আমন<br>৬৮২৫ | সরিষা<br>৭৯৫০ | বোনা আউশ<br>৭৪৭০ | ২২২৪৫ | ৩০০% |
| ৩১। | তিল-বোনা আউশ | - | তিল<br>৬৫০০ | বোনা আউশ<br>৭৪৭০ | ১৩৯৭০ | ৩০০% |
| ৩২। | রোপা আমন (উফশী)<br>সয়াবিন-পাট | রোপা আমন (উফশী)<br>২৮০৫ | সয়াবিন<br>৭৮৭৫ | পাট<br>৮২৭০ | ১৮৯৫০ | ৩০০% |
| ৩৩। | সয়াবিন-বোনা আউশ+<br>বোনা আমন | - | সয়াবিন<br>৭৮৭৫ | বোনা আউশ+বোনা আমন<br>৭৪৭০+৩২৫ | ১৫৬৭০ | ৩০০% |
| ৩৪। | মুগ-গম-পাট | মুগ<br>৫৬৭৫ | গম<br>১০১০০ | পাট<br>৮২৭০ | ২৪০৪৫ | ৩০০% |
| ৩৫। | মাসকালাই/মুগ<br>মসুর-বোনা আউশ | মাসকালাই/মুগ<br>৫৬৭৫ | মসুর<br>৬১২৫ | বোনা আউশ<br>৭৪৭০ | ১৯২৭০ | ৩০০% |
| ৩৬। | রোপা আমন (স্থানীয়)<br>ছোলা-পাট | রোপাআমন(স্থানীয়)<br>৭৭০০ | ছোলা<br>৫৫০০ | পাট<br>৮২৭০ | ২১৪৭০ | ৩০০% |
| ৩৭। | তিল-বোনা আউশ | - | তিল<br>৬৫৫০ | বোনা আউশ<br>৭৪৭০ | ১৪০২০ | ২০০% |
| ৩৮। | চিনা বাদাম-বোনা আউশ | - | চিনা বাদাম<br>৭৯৫০ | বোনা আউশ<br>৭৪৭০ | ১৫৪২০ | ২০০% |
| ৩৯। | বোনা আমন (উফশী)<br>মিষ্টি আলু-সবুজ সার | বোনা আমন (উফশী)<br>৬৮২৫ | মিষ্টি আলু<br>১০৬৫০ | সবুজসার<br>৩০৯৩ | ২০৫৬৮ | ৩০০% |
| ৪০। | রোপা আমন (উফশী)<br>সয়াবিন-ডিবলিং আউশ | রোপা আমন (উফসী)<br>৯৮০৫ | সয়াবিন<br>৭৮৭৫ | ডিবলিং আউশ<br>৭৪৭০ | ২৫১৫০ | ৩০০% |
| ৪১। | মিষ্টি আলু-রোপা আমন<br>(উফশী) | - | মিষ্টি আলু<br>১০৬৫০ | রোপা আমন<br>(উফশী)<br>৯৯২৫ | ২০৫৭৫ | ২০০% |
| মিশ্র ফসল | | | | | | |
| ১। | মসুর+সরিষা | - | মসুর+সরিষা<br>৬১২৫+২০০ | - | ৬৩২৫ | ২০০% |
| ২। | আখ+আলু | - | আখ+আলু<br>১৮৩২৫+৪৯০০ | - | ২৩২২৫ | ২০০% |
| ৩। | আখ+সরিষা | - | আখ+সরিষা<br>১৮৩২৫+২০০ | - | ১৮৫২৫ | ২০০% |
| ৪। | আখ+মসুর | - | আখ+মসুর<br>১৮৩২৫+৪০০ | - | ১৮৭২৫ | ২০০% |
| ৫। | আখ+ছোলা | - | আখ+ছোলা<br>১৮৩২৫+৩০০ | - | ১৮৭২৫ | ২০০% |
| ৬। | আখ+সয়াবিন | - | আখ+সয়াবিন<br>১৮৩২৫+৪০০ | - | ১৮৭২৫ | ২০০% |
| ৭। | আখ+চিনাবাদাম | - | আখ+চিনাবাদাম<br>১৮৩২৫+৬০০ | - | ১৮৯২৫ | ২০০% |
| রিলে চাষ | | | | | | |
| ১। | রোপা আমন-সরিষা | রোপা আমন<br>৯৮০৫ | সরিষা<br>২০০ | - | ১০০০৫ | ২০০% |
| ২। | রোপা আমন-খেসারী | রোপা আমন<br>৯৮০৫ | খেসারি<br>৩৫০ | - | ১০১৫৫ | ২০০% |
| ৩। | রোপা আমন-মসুর | রোপা আমন<br>৯৮০৫ | মসুর<br>৪০০ | - | ১০২০৫ | ২০০% |

বিঃদ্রঃ দ্বিতীয় মিশ্র ফসলের জন্য দাম ধরা হবে। কৃষি পরিবেশ অঞ্চল ভেদে ফসলের বিন্যাস/মিশ্র ফসল/সাথী ফসল/রিলে ফসল পরিবর্তন হতে পারে। স্থানীয় কৃষি সম্প্রসারণ দপ্তরের সাথে যোগযোগ করে সঠিক শস্যক্রম নির্বাচন করতে হবে।

**পরিশিষ্ট "ঙ"**

ফসল উৎপাদন পঞ্জিকা ও ঋণ পরিশোধ সূচী ঃ ১৪১৪-১৪১৫বাং/২০০৭-২০০৮ইং

| ক্রমিক নং | ফসলের নাম | উৎপাদন মৌসুম | | ঋণ পরিশোধের স্বাভাবিক সময়সীমা |
|---|---|---|---|---|
| | | ঋণ বিতরণ কাল | ফসল কর্তন/সংগ্রহ কাল | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (ক) | দানাশস্য | | | |
| ১। | আউশ (উফশী) | ১৯ মাঘ - ১৬ জ্যৈষ্ঠ<br>০১ ফেব্রুয়ারী-৩১ মে | ১৬ আষাঢ়-১৫ ভাদ্র<br>০১জুলাই-৩১ আগষ্ট | ১৬ পৌষ<br>৩১ ডিসেম্বর |
| ২। | আউশ (স্থানীয়) | ১৭ ফাল্গুন-১৬ বৈশাখ<br>০১ মার্চ-৩০ এপ্রিল | ১৬ আষাঢ়-১৫ শ্রাবন<br>০১ জুলাই-৩১ জুলাই | ১৭ পৌষ<br>৩১ ডিসেম্বর |
| ৩। | রোপা আমন (উফশী) | ১৭ জ্যৈষ্ঠ-১৪ আশ্বিন<br>০১ জুন-৩০ সেপ্টেম্বর | ১৬ কার্তিক-১৬ পৌষ<br>০১ নভেম্বর-৩১ ডিসেম্বর | ১৬ চৈত্র<br>৩১ মার্চ |
| ৪। | রোপা আমন (স্থানীয়) | ১৭ জ্যৈষ্ঠ-১৪ আশ্বিন<br>০১ জুন-৩০ সেপ্টেম্বর | ১৬ কার্তিক-১৬ পৌষ<br>০১ নভেম্বর-৩১ ডিসেম্বর | ১৬ চৈত্র<br>৩১ মার্চ |
| ৫। | বোনা আমন (স্থানীয়) | ১৭ ফাল্গুন-১৬ জ্যৈষ্ঠ<br>০১ মার্চ-৩০ মে | ১৬ কার্তিক-১৬ পৌষ<br>০১ নভেম্বর-৩১ ডিসেম্বর | ১৫ ফাল্গুন<br>২৮ ফেব্রুয়ারী |
| ৬। | বোরো (উফশী) | ১৬ আশ্বিন-১৭ চৈত্র<br>০১ অক্টোবর-৩০ মার্চ | ১৭ বৈশাখ-১৫ আষাঢ়<br>০১ মে-৩০ জুন | ১৪ আশ্বিন<br>৩০ সেপ্টেম্বর |
| ৭। | বোরো (স্থানীয়) | ১৬ আশ্বিন-১৭ চৈত্র<br>০১ অক্টোবর-৩১ মার্চ | ১৮ চৈত্র-১৫ আষাঢ়<br>০১ এপ্রিল-৩০ জুন | ১৪ আশ্বিন<br>৩০ সেপ্টেম্বর |
| ৮। | গম (সেচকৃত) | ১৭ কার্তিক-০১ পৌষ<br>০১ নভেম্বর-১৫ ডিসেম্বর | ১৮ মাঘ-১৭ ফাল্গুন<br>৩১ জানুয়ারী-০১ মার্চ | ১৫ আষাঢ়<br>৩০ জুন |
| ৯। | গম (সেচবিহীন) | ১৭ কার্তিক-০১ পৌষ<br>০১ নভেম্বর-১৫ ডিসেম্বর | ১৮ মাঘ-১৭ ফাল্গুন<br>৩১ জানুয়ারী-০১ মার্চ | ১৫ আষাঢ়<br>৩০ জুন |
| ১০। | কাউন | ১৬ আশ্বিন-৩০ কার্তিক<br>০১ অক্টোবর-১৪ নভেম্বর | ০২ ফাল্গুন-৩০ চৈত্র<br>১৪ ফেব্রুয়ারী-১৩ এপ্রিল | ৩১ জ্যৈষ্ঠ<br>১৫ জুন |
| ১১। | জোয়ার (সরগম) | ১৬ আশ্বিন-৩০ কার্তিক<br>০১ অক্টোবর-১৪ নভেম্বর | ০২ ফাল্গুন-৩০ চৈত্র<br>১৪ ফেব্রুয়ারী-১৩ এপ্রিল | ৩১ জ্যৈষ্ঠ<br>১৫ জুন |
| ১২। | বাজরা (পার্ল মিলেট) | ১৬ আশ্বিন-৩০ কার্তিক<br>০১ অক্টোবর-১৪ নভেম্বর | ০২ ফাল্গুন-৩০ চৈত্র<br>১৪ ফেব্রুয়ারী-১৩ এপ্রিল | ৩১ জ্যৈষ্ঠ<br>১৫ জুন |
| ১৩। | বার্লি যব | ১৬ আশ্বিন-৩০ কার্তিক<br>০১ অক্টোবর-১৪ নভেম্বর | ০২ ফাল্গুন-৩০ চৈত্র<br>১৪ ফেব্রুয়ারী-১৩ এপ্রিল | ৩১ জ্যৈষ্ঠ<br>১৫ জুন |
| ১৪। | চিনা | ১৬ আশ্বিন-৩০ কার্তিক<br>০১ অক্টোবর-১৪ নভেম্বর | ০২ ফাল্গুন-৩০ চৈত্র<br>১৪ ফেব্রুয়ারী-১৩ এপ্রিল | ৩১ জ্যৈষ্ঠ<br>১৫ জুন |
| খ) অর্থকরী ফসলঃ | | | | |
| ১৫। | পাট | ০৩ ফাল্গুন-১৬ বৈশাখ<br>১৫ ফেব্রুয়ারী-৩০ এপ্রিল | ৩১জ্যৈষ্ঠ-৩০ ভাদ্র<br>১৫ জুন-১৫ সেপ্টেম্বর | ৩০ কার্তিক<br>১৫ নভেম্বর |
| ১৬। | ছন | ০৩ ফালুন-১ চৈত্র<br>১৫ ফেব্রুয়ারী-১৫ মার্চ | ৩১ জ্যৈষ্ঠ-৩০ ভাদ্র<br>১৫ জুন-১৫ সেপ্টেম্বর | ৩০ কার্তিক<br>১৫ নভেম্বর |
| ১৭। | আখ | ১৬ আশ্বিন-১৭ চৈত্র<br>০১ অক্টোবর-৩১ মার্চ | ১৬ কার্তিক-১৫ ফাল্গুন<br>০১ নভেম্বর-২৮ ফেব্রুয়ারী | ১৬ চৈত্র<br>৩১ মার্চ (পরের বছর) |
| ১৮।। | পান | ০৩ ফাল্গুন-১৭ চৈত্র<br>১৫ ফেব্রুয়ারী-৩১ মার্চ | ৩১ ভাদ্র-৩০ কার্তিক<br>১৫ সেপ্টেম্বর-১৫ নভেম্বর | ৩০ ফাল্গুন<br>১৫ মার্চ (পরের বছর) |
| * | তুলা | | | |
| ক) | আমেরিকান জাতের তুলা, ঢাকা, রাজশাহী ও খুলনা বিভাগ। | ১৭ আষাঢ় - ১৫ আশ্বিন<br>০১ জুলাই - ৩০ সেপ্টেম্বর | ০১ পৌষ - ০১ চৈত্র<br>১৫ ডিসেম্বর - ১৫ মার্চ | ১৬ বৈশাখ<br>৩০ শে এপ্রিল |
| খ) | কুমিল্লা তুলা-বান্দরবন, রাংগামাটি ও খাগড়াছড়ি পার্বত্য জেলা | ১৮চৈত্র - ১৭ জৈষ্ঠ<br>০১ এপ্রিল - ৩১ মে | ০১ অগ্রাহায়ন - ১৭ পৌষ<br>১৫ নভেম্বর - ৩১ ডিসেম্বর | ১৭ চৈত্র<br>৩১ মার্চ |
| গ) | রবি সব্জী ঃ | | | |
| ১৯। | সীম | ১৬ শ্রাবন-১৪ আশ্বিন<br>০১ আগষ্ট-৩০ সেপ্টেম্বর | ১৬ কার্তিক-১৫ ফাল্গুন<br>০১ নভেম্বর-২৮ ফেব্রুয়ারী | ১৫ আষাঢ়<br>৩০ জুন |
| ২০। | লালশাক | ০২ মাঘ-৩০ ভাদ্র<br>১৫ জানুয়ারী-১৫ সেপ্টেম্বর | ১৬ কার্তিক-১৫ ফাল্গুন<br>০১ নভেম্বর-২৮ ফেব্রুয়ারী | ১৫ আষাঢ়<br>৩০ জুন |
| ২১। | পালংশাক | ৩০ শ্রাবন-১৭ পৌষ<br>১৫ জানুয়ারী-৩১ ডিসেম্বর | ১৬ কার্তিক-১৭ চৈত্র<br>০১ অক্টোবর-৩১ মার্চ | ১৫ আশ্বিন<br>৩০ সেপ্টেম্বর |
| ২২। | কলমিশাক | ১৭ কার্তিক-১৭ পৌষ<br>০১ নভেম্বর-৩১ ডিসেম্বর | ১৮ চৈত্র-১৬ জ্যৈষ্ঠ<br>০১ এপ্রিল-৩১ মে | ১৫ শ্রাবন<br>৩১ জুলাই |
| ২৩। | লাউ | ৩০ আশ্বিন-১লা অগ্রহায়ন<br>১৫ অক্টোবর-১৫ নভেম্বর | ১৮ পৌষ-১৭ চৈত্র<br>০১ জানুয়ারী-৩১ মার্চ | ১৫ আষাঢ়<br>৩০ জুন |
| ২৪। | মুলা | ১৬ আশ্বিন-১৬ অগ্রহায়ন<br>০১ অক্টোবর-৩০ নভেম্বর | ১৮ পৌষ-১৬ ফাল্গুন<br>০১ জানুয়ারী-২৮ ফেব্রুয়ারী | ১৫ আষাঢ়<br>৩০ জুন |
| ২৫। | ফুলকপি | ১৬ আশ্বিন-১৬ অগ্রহায়ন<br>০১ অক্টোবর-৩০ নভেম্বর | ১৮ পৌষ-১৬ ফাল্গুন<br>০১ জানুয়ারী-২৮ ফেব্রুয়ারী | ১৫ আষাঢ়<br>৩০ জুন |

(চলমান পাতা-২)

| ক্রমিক নং | ফসলের নাম | উৎপাদন মৌসুম | | ঋণ পরিশোধের স্বাভাবিক সময়সীমা |
|---|---|---|---|---|
| | | ঋণ বিতরণ কাল | ফসল কর্তন/সংগ্রহ কাল | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২৬। | বাঁধাকপি | ১৬ আশ্বিন-১৬ অগ্রহায়ন<br>০১ অক্টোবর-৩০ নভেম্বর | ১৮ পৌষ-১৬ ফাল্গুন<br>০১ জানুয়ারী-২৮ ফেব্রুয়ারী | ১৫ আষাঢ়<br>৩০ জুন |
| ২৭। | ওলকপি | ১৭ কার্তিক-১৭ পৌষ<br>০১ নভেম্বর-৩১ ডিসেম্বর | ১৮ পৌষ-১৬ ফাল্গুন<br>০১ জানুয়ারী-২৮ ফেব্রুয়ারী | ১৫ আষাঢ়<br>৩০ জুন |
| ২৮। | শালগম | ১৬ আশ্বিন-১৬ অগ্রহায়ন<br>০১ অক্টোবর-৩০ নভেম্বর | ১৮ পৌষ-১৬ ফাল্গুন<br>০১ জানুয়ারী-২৮ ফেব্রুয়ারী | ১৫ আষাঢ়<br>৩০ জুন |
| ২৯। | গাজর | ১৬ আশ্বিন-১৬ অগ্রহায়ন<br>০১ অক্টোবর-৩০ নভেম্বর | ১৯ মাঘ-১৭ চৈত্র<br>০১ ফেব্রুয়ারী-৩১ মার্চ | ১৫ আষাঢ়<br>৩০ জুন |
| ৩০। | মটরশুটি | ১৬ আশ্বিন-১৬ অগ্রহায়ন<br>০১ অক্টোবর-৩০ নভেম্বর | ১৯ মাঘ-১৭ চৈত্র<br>০১ ফেব্রুয়ারী-৩১ মার্চ | ১৫ আষাঢ়<br>৩০ জুন |
| ৩১। | বরবটি | ০২ মাঘ-৩০ ফাল্গুন<br>১৫ জানুয়ারী-১৪ মার্চ | ৩১ চৈত্র-৩০ ভাদ্র<br>১৪ এপ্রিল-১৫ সেপ্টেম্বর | ৩০ কার্তিক<br>১৫ নভেম্বর |
| ৩২। | লেটুস | ১৬ আশ্বিন-১৬ অগ্রহায়ন<br>০১ অক্টোবর-৩০ নভেম্বর | ১৯ মাঘ-১৭ চৈত্র<br>০১ ফেব্রুয়ারী-৩১ মার্চ | ১৫ আষাঢ়<br>৩০ জুন |
| ৩৩। | ঢেঁড়শ (রবি) | ১৬ আশ্বিন-৩০ কার্তিক<br>০১ অক্টোবর-১৪ নভেম্বর | ৩১ বৈশাখ-৩০ ফেব্রুয়ারী<br>১৫ মে-১৫ সেপ্টেম্বর | ০১ মাঘ<br>১৫ জানুয়ারী |
| ৩৪। | বেগুন | ১৬ আশ্বিন-১৬ কার্তিক<br>০১ অক্টোবর-৩০ নভেম্বর | ১লা পৌষ-১৭ চৈত্র<br>০১ জানুয়ারী-৩১ মার্চ | ১৫ আষাঢ়<br>৩০ জুন |
| ৩৫। | টমেটো | ৩১ শ্রাবন-১৭ পৌষ<br>১৫ আগষ্ট-৩১ ডিসেম্বর | ১৬ আশ্বিন-১৭ চৈত্র<br>০১ অক্টোবর-৩১ মার্চ | ১৪ আশ্বিন<br>৩০ সেপ্টেম্বর |
| (ঘ)। | খরিপ সব্জি ঃ | | | |
| ৩৬। | শসা | ১৯ মাঘ-১৭ চৈত্র<br>০১ ফেব্রুয়ারী-৩১ মার্চ | ১৮ চৈত্র-১৬ জ্যৈষ্ঠ<br>০১ এপ্রিল-৩১ মে | ১৫ অগ্রহায়ন<br>৩০ নভেম্বর |
| ৩৭। | উচ্ছে | ১৮ পৌষ-১৬ ফাল্গুন<br>০১ জানুয়ারী-২৮ ফেব্রুয়ারী | ১৮ চৈত্র-১৬ জ্যৈষ্ঠ<br>০১ এপ্রিল-৩১ মে | ১৫ অগ্রহায়ন<br>৩০ নভেম্বর |
| ৩৮। | পটল | ৩০ আশ্বিন-১৬ অগ্রহায়ন<br>১৫ অক্টোবর-৩০ নভেম্বর | ০১ চৈত-১৬ বৈশাখ<br>১৫ মার্চ-৩০ এপ্রিল | ১৫ আমাঢ়<br>৩০ জুন |
| ৩৯। | ঢেঁড়শ (খরিপ) | ০১ চৈত্র-৩০ বৈশাখ<br>১৫ মার্চ-১৪ মে | ৩১ বৈশাখ-৩০ ভাদ্র<br>১৫ মে ১৫ সেপ্টেম্বর | ০১মাঘ<br>১৫ জনুয়ারী |
| ৪০। | মিষ্টি কুমড়া | ১৬ আশ্বিন-১৬ অগ্রহায়ন<br>১লা অক্টোবর-৩০ নভেম্বর | ১৮ চৈত্র-১৬ জ্যৈষ্ঠ<br>০১ এপ্রিল-৩১ মে | ১৪ আশ্বিন<br>৩০ সেপ্টেম্বর |
| ৪১। | চাল কুমড়া | ১৬ আশ্বিন-১৬ অগ্রহায়ন<br>১লা অক্টোবর-৩০ নভেম্বর | ১৮ চৈত্র-১৬ জ্যৈষ্ঠ<br>০১ এপ্রিল-৩১ মে | ১৪ আশ্বিন<br>৩০ সেপ্টেম্বর |
| ৪২। | করলা | ১৮ পৌষ-১৬ ফাল্গুন<br>০১ জানুয়ারী-২৮ ফেব্রুয়ারী | ১৮ চৈত্র-১৬ জ্যৈষ্ঠ<br>০১ এপ্রিল-৩১ মে | ১৬ অগ্রহায়ন<br>৩০ নভেম্বর |
| ৪৩। | কাকরুল | ১৭ ফাল্গুন-১৭ চৈত্র<br>০১ মার্চ-৩১ মার্চ | ১৬ জ্যৈষ্ঠ-১৫ আষাঢ়<br>৩১ মে-৩০ জুন | ১৬ অগ্রহায়ন<br>৩০ নভেম্বর |
| ৪৪। | ঝিংগা | ১৯ মাঘ-১৭ চৈত্র<br>০১ ফেব্রুয়ারী-৩১ মার্চ | ১৮ চৈত্র-১৬ জ্যৈষ্ঠ<br>০১ এপ্রিল-৩১ মে | ১৬ অগ্রহায়ন<br>৩০ নভেম্বর |
| ৪৫। | চিচিংগা | ১৯ মাঘ-১৭ চৈত্র<br>০১ ফেব্রুয়ারী-৩১ মার্চ | ১৮ চৈত্র-১৬ জ্যৈষ্ঠ<br>০১ এপ্রিল-৩১ মে | ১৬ অগ্রহায়ন<br>৩০ নভেম্বর |
| ৪৬। | ধুন্দুল | ১৯ মাঘ-১৭ চৈত্র<br>০১ ফেব্রুয়ারী-৩১ মার্চ | ১৮ চৈত্র-১৬ জ্যৈষ্ঠ<br>০১ এপ্রিল-৩১ মে | ১৫ অগ্রহায়ন<br>৩০ নভেম্বর |
| ৪৭। | পুঁই | ১৯ মাঘ-১৭ চৈত্র<br>০১ ফেব্রুয়ারী-৩১ মার্চ | ১৮ চৈত্র-১৬ জ্যৈষ্ঠ<br>০১ এপ্রিল-৩১ মে | ১৫ অগ্রহায়ন<br>৩০ নভেম্বর |
| ৪৮। | ডাটা | ১৯ মাঘ-১৫ শ্রাবন<br>০১ ফেব্রুয়ারী-৩১ জুলাই | ০১ চৈত্র-১৪ আশ্বিন<br>১৫ মার্চ-৩০ সেপ্টেম্বর | ১৭ পৌষ<br>৩১ ডিসেম্বর |
| (ঙ) | মসলা ঃ | | | |
| ৪৯। | মরিচ | ১৭ কার্তিক-১৭ পৌষ<br>০১ নভেম্বর-৩১ ডিসেম্বর | ১৮ চৈত্র-১৬ জ্যৈষ্ঠ<br>০১ এপ্রিল-৩১ মে | ১৫ শ্রাবন<br>৩১ জুলাই |
| ৫০। | পেঁয়াজ | ১৬ আশ্বিন-১৭ পৌষ<br>০১ অক্টোবর-৩১ ডিসেম্বর | ১৮ চৈত্র-১৬ জ্যৈষ্ঠ<br>০১ এপ্রিল-৩১ মে | ১৫ শ্রাবন<br>৩১ জুলাই |
| ৫১। | রসুন | ১৭ কার্তিক-১৭ পৌষ<br>০১ নভেম্বর-৩১ ডিসেম্বর | ১৮ চৈত্র-১৬ জ্যৈষ্ঠ<br>০১ এপ্রিল-৩১ মে | ১৫ শ্রাবন<br>৩১ জুলাই |
| ৫২। | আদা | ১৭ কার্তিক-১৫ আষাঢ়<br>০১ নভেম্বর-৩০ জুন | ১৮ চৈত্র-১৫ অগ্রহায়ন<br>০১ এপ্রিল-৩০ নভেম্বর | ১৭ মাঘ<br>৩১ জানুয়ারী |
| ৫৩। | হলুদ | ১৭ ফাল্গুন-১৬ বৈশাখ<br>০১ মার্চ-৩১ এপ্রিল | ১৭ অগ্রহায়ন-১৭ মাঘ<br>০১ ডিসেম্বর-৩১ জনুয়ারী | ১৫ আষাঢ়<br>৩০ জুন |
| ৫৪। | জিরা | ০৩ ফাল্গুন-৩০ চৈত্র<br>১৫ ফেব্রুয়ারী ১৩ এপ্রিল | ৩০ মাঘ-২৯ ফাল্গুন<br>১৩ ফেব্রুয়ারী-১৪ মার্চ | ৩১ জ্যৈষ্ঠ<br>১৫ জুন |

(চলমান পাতা-৩)

| ক্রমিক নং | ফসলের নাম | উৎপাদন মৌসুম | | ঋণ পরিশোধের স্বাভাবিক সময়সীমা |
|---|---|---|---|---|
| | | ঋণ বিতরণকাল | ফসল কর্তন/সংগ্রহকাল | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (চ) | ফল ঃ | | | |
| ৫৫। | পেঁপে * | ০৩ ফাল্গুন-১৭ চৈত্র<br>১৫ ফেব্রুয়ারী-৩১ মার্চ | ৩০ ভাদ্র-৩০ কার্তিক<br>১৫ সেপ্টেম্বর-১৫ নভেম্বর | ১৫ ফাল্গুন<br>২৮ ফেব্রুয়ারী |
| ৫৬। | কলা * | ১৯ মাঘ-১৭ চৈত্র<br>০১ ফেব্রুয়ারী-৩১ মার্চ | ৩০ ভাদ্র-১৫ অগ্রহায়ন<br>১৫ সেপ্টেম্বর-৩০ নভেম্বর | ১৬ চৈত্র<br>৩১ মার্চ |
| ৫৭। | আনারস (রবি) | ১৬ আশ্বিন-১৫ অগ্রহায়ন<br>০১ অক্টোবর-৩০ নভেম্বর | ৩১ ভদ্র-২৯ কার্তিক<br>১৬ সেপ্টেম্বর-১৪ নভেম্বর<br>(পরের বছর) | ০১ জ্যৈষ্ঠ<br>১৬ মে (পরের বছর) |
| ৫৮। | আনারস (খরিপ) | ০২ চৈত্র-৩০ বৈশাখ<br>১৬ মার্চ-১৪ মে | ৩০ ফাল্গুন-৩০ বৈশাখ<br>১৫ মার্চ-১৪ মে<br>(পরের বছর) | ৩০ কার্তিক<br>১৪ নভেম্বর (পরের বছর) |
| ৫৯। | তরমুজ | ৩০ আশ্বিন-১৮ মাঘ<br>১৫ অক্টোবর-৩১ জানুয়ারী | ১৭ ফাল্গুন-৩১ জ্যৈষ্ঠ<br>০১ মার্চ-১৫ জুন | ১৫ কার্তিক<br>৩১ অক্টোবর |
| ৬০। | বাংগী | ১৯ মাঘ-০১ চৈত্র<br>০১ ফেব্রুয়ারী-১৬ মার্চ | ১৮ বৈশাখ-৩১ জ্যৈষ্ঠ<br>০১ মে-১৬ জুন | ১৫ কার্তিক<br>৩১ অক্টোবর |
| ৬১। | আম | ১লা বৈশাখ-৩০ আষাঢ়<br>১৫এপ্রিল-১৫জুলাই | ১লা বৈশাখ-৩০ শ্রাবন<br>১৫এপ্রিল-১৫আগষ্ট | ৩০ আষাঢ়<br>১৫ জুলাই |
| (ছ) | কনদল শস্য ঃ | | | |
| ৬২। | আলু (উফশী) | ১৭ ভাদ্র-১৭ পৌষ<br>০১ সেপ্টেম্বর-৩১ ডিমেবর | ১৯ মাঘ-১৭ চৈত্র<br>০১ ফেব্রুয়ারী-৩১ মার্চ | ১৭ ভাদ্র<br>৩০ আগষ্ট |
| ৬৩। | আলু (স্থানীয়) | ১৭ ভাদ্র-১৭ পৌষ<br>০১ সেপ্টেম্বর-৩১ ডিমেবর | ১৯ মাঘ-১৭ চৈত্র<br>০১ ফেব্রুয়ারী-৩১ মার্চ | ১৭ ভাদ্র<br>৩০ আগষ্ট |
| ৬৪। | মিষ্টি আলু | ১৭ ভাদ্র-১৬ অগ্রহায়ন<br>০১ সেপ্টেম্বর-৩১ ডিমেবর | ১৮ চৈত্র-১৬ জ্যৈষ্ঠ<br>০১ এপ্রিল-৩১ মে | ১৫ ভাদ্র<br>৩১ আগষ্ট |
| ৬৫। | কচু | ১৮ পৌষ-১৬ ফাল্গুন<br>০১ জানুয়ারী-২৮ ফেব্রুয়ারী | ১৬ শ্রাবন-১৪ আশ্বিন<br>০১ আগষ্ট-৩০ সেপ্টেম্বর | ১৭ পৌষ<br>৩১ ডিসেম্বর |
| (জ) | তৈল বীজ শস্য ঃ | | | |
| ৬৬। | সরিষা (উফশী) | ১ আশ্বিন-১৬ অগ্রহায়ন<br>০১ অক্টোবর-৩০ নভেম্বর | ০২ মাঘ-১৭ চৈত্র<br>১৫ জানুয়ারী-৩১ মার্চ | ১৫ আষাঢ়<br>৩০ জুন |
| ৬৭। | সরিষা (স্থানীয়) | ১৬ আশ্বিন-১৬ অগ্রহায়ন<br>০১ অক্টোবর-৩০ নভেম্বর | ০২ মাঘ-১৭ চৈত্র<br>১৫ জানুয়ারী-৩১ মার্চ | ১৫ আষাঢ়<br>৩০ জুন |
| ৬৮। | চীনা বাদাম (খরিপ-১) | ০২ মাঘ-১৭ চৈত্র<br>১৫ জানুয়ারী-৩১ মার্চ | ১৬ শ্রাবন-১৪ আশ্বিন<br>০১ আগষ্ট-৩০ সেপ্টেম্বর | ১৭ পৌষ<br>৩১ ডিসেম্বর |
| ৬৯। | চীনা বাদাম (খরিপ-২) | ৩১ বৈশাখ-১৫ শ্রাবন<br>১৫ মে-৩১ জুলাই | ১৬ অগ্রহায়ন-১৬ ফাল্গুন<br>০১ ডিসেম্বর-২৮ ফেব্রুয়ারী | ১৫ বৈশাখ<br>৩০ এপ্রিল |
| ৭০। | চীনা বাদাম (রবি) | ১৬ আশ্বিন-১৬ অগ্রহায়ন<br>০১ অক্টোবর-৩০ নভেম্বর | ১৮চৈত্র-১৬ জ্যৈষ্ঠ<br>০১ এপ্রিল-৩১ মে | ১৫ ভাদ্র<br>৩১ আগষ্ট |
| ৭১। | সূর্যমুখী (খরিপ-১) | ০১ চৈত্র-১৬ জ্যৈষ্ঠ<br>১৫ মার্চ-৩১ মে | ৩০ আষাঢ়-৩০ ভাদ্র<br>১৫ জুলাই-১৫ সেপ্টেম্বর | ০১ মাঘ<br>১৫ জানুয়ারী |
| ৭২। | সূর্যমুখী (খরিপ-২) | ৩০ আষাঢ়-১৪ আশ্বিন<br>১৫ জুলাই-৩০ সেপ্টেম্বর | ৩০ কার্তিক-০১ মাঘ<br>১৫ নভেম্বর-১৫ জানুয়ারী | ৩১ বৈশাখ<br>১০ মে |
| ৭৩। | সূর্যমুখী (রবি) | ১৬ আশ্বিন-১ অগ্রহায়ন<br>০১ অক্টোবর-১৫ নভেম্বর | ১৯ মাঘ-১৭ চৈত্র<br>০১ ফেব্রুয়ারী-৩১ মার্চ | ১৫ শ্রাবন<br>৩১ জুলাই |
| ৭৪। | তিল (খরিপ) | ১৯ মাঘ-৩০ চৈত্র<br>০১ ফেব্রুয়ারী-১৩ এপ্রিল | ১৭ জৈষ্ঠ-১৫ আষাঢ়<br>০১ জুন-৩০ জুন | ১৫ অগ্রহায়ন<br>৩০ নভেম্বর |
| ৭৫। | তিল (রবি) | ১৬ আশ্বিন-১৫ অগ্রহায়ন<br>০১ অক্টোবর-৩০ নভেম্বর | ১৮ পৌষ-০১ চৈত্র<br>০১ জানুয়ারী-১৫ মার্চ | ১৫ আষাঢ়<br>৩০ জুন |
| ৭৬। | গর্জন তিল/গুজি তিল | ১৬ আশ্বিন-৩০ অগ্রহায়ন<br>০১ অক্টোবর-১৪ ডিসেম্বর | ০২ মাঘ- ০১ চৈত্র<br>১৫ জনুয়ারী-১৫ মার্চ | ১৫ শ্রাবন<br>৩১ জুলাই |
| ৭৭। | কুসুম ফুল (সেফ ফ্লাওয়ার) | ১৬ আশ্বিন-৩০ অগ্রহায়ন<br>০১ অক্টোবর-১৪ ডিসেম্বর | ০২ মাঘ- ০১ চৈত্র<br>১৫ জনুয়ারী-১৫ মার্চ | ১৫ শ্রাবন<br>৩১ জুলাই |
| ৭৮। | সয়াবিন (খরিপ) | ৩০ আষাঢ়-১৪ আশ্বিন<br>১৫ জুলাই-৩০ সেপ্টেম্বর | ১৬ কার্তিক-১৭ মাঘ<br>০১ নভেম্বর-৩১ জানুয়ারী | ১৫ আষাঢ়<br>৩০ জুন |
| ৭৯। | সয়াবিন (রবি) | ১৭ কার্তিক-১৮ মাঘ<br>০১ নভেম্বর-৩১ জানুয়ারী | ১৭ ফাল্গুন-১৬ জ্যৈষ্ঠ<br>০১ মার্চ-৩১ মে | ১৫ কার্তিক<br>৩১ অক্টোবর |

(চলমান পাতা-৪)

| ক্রমিক নং | ফসলের নাম | উৎপাদন মৌসুম | | ঋণ পরিশোধের স্বাভাবিক "সময়সীমা |
|---|---|---|---|---|
| | | ঋণ বিতরণকাল | ফসল কর্তন/সংগ্রহকাল | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (ঝ) | ডাল শস্য | | | |
| ৮০। | মুগডাল (গ্রীষ্মকালীন) | ১৭ ফাল্গুন-০১ বৈশাখ<br>০১ মার্চ- ১৫ এপ্রিল | ২৯ বৈশাখ-১৬ আষাঢ়<br>১৩ মে-০১ জুলাই | ১৫ আশ্বিন<br>০১ অক্টোবর |
| ৮১। | মুগডাল (খরিপ) | ১৬ শ্রাবন-১৪ আশ্বিন<br>০১ আগষ্ট-৩০ সেপ্টেম্বর | ২৯ আশ্বিন-১৬ পৌষ<br>১৫ অক্টোবর-৩১ ডিসেম্বর | ১৬ ফাল্গুন<br>০১ মার্চ |
| ৮২। | মুগডাল (রবি) | ১৬ আশ্বিন-০১ অগ্রহায়ন<br>০১ অক্টোবর-১৫ নভেম্বর | ০১ পৌষ- ১৬ ফাল্গুন<br>১৫ ডিসেম্বর-২৮ ফেব্রুয়ারী | ১৬ শ্রাবন<br>০১ আগষ্ট |
| ৮৩। | মাসকালাই (গ্রীষ্মকালীন) | ১৭ ফাল্গুন-০১ বৈশাখ<br>০১ মার্চ- ১৫ এপ্রিল | ০২ জ্যৈষ্ঠ- ৩০ আষাঢ়<br>১৭ মে-১৫ জুলাই | ১৫ আশ্বিন<br>০১ অক্টোবর |
| ৮৪। | মাসকালাই (খরিপ) | ৩১ বৈশাখ-৩০ আষাঢ়<br>১৫ মে-১৪ জুলাই | ৩০ শ্রাবন-২৯ আশ্বিন<br>১৫ আগষ্ট-১৫ অক্টোবর | ১৭ পৌষ<br>০১ জানুয়ারী |
| ৮৫। | মাসকালাই (রবি) | ৩০ আশ্বিন-১৬ অগ্রহায়ন<br>১৫ অক্টোবর-৩০ নভেম্বর | ২৪ পৌষ- ১৬ ফাল্গুন<br>০৭ জনুয়ারী-২৮ ফেব্রুয়ারী | ১৫ শ্রাবন<br>৩১ জুলাই |
| ৮৬। | ছোলা | ৩০ আশ্বিন-১৬ অগ্রহায়ন<br>১৫ অক্টোবর-৩০ নভেম্বর | ০১ চৈত্র-১৬ বৈশাখ<br>১৫ মার্চ-৩০ এপ্রিল | ১৫ আষাঢ়<br>৩০ জুন |
| ৮৭। | অড়হর | ৩০ আশ্বিন-১৬ অগ্রহায়ন<br>১৫ অক্টোবর-৩০ নভেম্বর | ০১ চৈত্র-১৬ বৈশাখ<br>১৫ মার্চ-৩০ এপ্রিল | ১৫ আষাঢ়<br>৩১ জুলাই |
| ৮৮। | মসুরী | ১৬ আশ্বিন-১৬ অগ্রহায়ন<br>১ অক্টোবর-৩০ নভেম্বর | ০১ মাঘ-৩০ ফাল্গুন<br>১৪ জানুয়ারী-১৪ মার্চ | ৩০ বৈশাখ<br>১৪ মে |
| ৮৯। | খেসারী | ১৬ আশ্বিন-১৬ অগ্রহায়ন<br>০১ অক্টোবর-৩০ নভেম্বর | ০২ মাঘ-৩০ ফাল্গুন<br>১৫ জানুয়ারী-১৪ মার্চ | ৩০ বৈশাখ<br>১৪ মে |
| ৯০। | মটর (ফিল্ডপী) | ৩০ আশ্বিন-১৬ অগ্রহায়ন<br>১৫ অক্টোবর-৩০ নভেম্বর | ০১ চৈত্র-১৬ বৈশাখ<br>১৫ মার্চ- ৩০ এপ্রিল | ১৫ শ্রাবন<br>৩১ জুলাই |
| ৯১। | মাটি কলাই (কাউপী/ফ্যালন) | ৩০ আশ্বিন-১৬ অগ্রহায়ন<br>১৫ অক্টোবর-৩০ নভেম্বর | ০১ চৈত্র-১৬ বৈশাখ<br>১৫ মার্চ- ৩০ এপ্রিল | ১৫ শ্রাবন<br>৩১ জুলাই |
| (ঞ) | দানা শস্য ঃ | | | |
| ৯২। | ভুট্টা (খরিপ) | ১৭ ফাল্গুন-১৬ বৈশাখ<br>০১ মার্চ-৩০ এপ্রিল | ১৭ জ্যৈষ্ঠ-১৫ শ্রাবন<br>০১ জুন-৩১ জুলাই | ১৬ পৌষ<br>৩১ ডিসেম্বর |
| ৯৩। | ভুট্টা (রবি) | ১৬ আশ্বিন-৩০ কার্তিক<br>০১ অক্টোবর-১৪ নভেম্বর | ০২ ফাল্গুন-৩০ চৈত্র<br>১৪ ফেব্রুয়ারী-১৩ এপ্রিল | ৩১ জ্যৈষ্ঠ<br>১৫ জুন |
| ৯৪। | সবুজ সার (ধৈঞ্চা/ছনপাট) | এপ্রিল/মে | জুলাই/আগষ্ট | ৩১ ডিসেম্বর |
| ৯৫। | ঘাস (নেপিয়ার) | সারা বছর | সারা বছর | ঋণ বিতরণের চার মাস পর পর |

<u>বিশেষ দ্রষ্টব্য ঃ</u>

(ক) ক্রমিক নং-৬২ হতে ৯৫ পর্যন্ত শস্য/খাতসমূহ সাধারণ ঋণ কর্মসূচীর পাশাপাশি শস্য বহুমুখীকরণ কর্মসূচীরও অন্তর্ভুক্ত ।

(খ) তারকা (*) চিহ্নিত ফসলগুলো সারা বছরই চাষাবাদ হয় বিধায় ব্যাংক সমূহ সারা বছরই উক্ত খাতসমূহে ঋণদান করতে পারবে। ফসল পঞ্জিকায় বর্ণিত বাংলা ও ইংরেজী তারিখের মধ্যে গরমিল দেখা দিলে ইংরেজী তারিখ অনুসরণীয় ।